## প্রথম অধ্যায়

### তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পরিচিতি

**অধ্যায়ের গুরুত্বপূর্ণ বিষয়গুলো সংক্ষেপে জেনে রাখি**

- বিজ্ঞানের তথ্যের ওপর নির্ভর করে তৈরি করা নানারকম যন্ত্রপাতি আর কলাকৌশল ব্যবহার করে যখন মানুষের জীবনটাকে সহজ করে দেওয়া হয় সেটাই হচ্ছে প্রযুক্তি।
- তথ্য দেওয়া-নেওয়া, বাঁচিয়ে রাখা বা সংরক্ষণ করা আবার খুঁটিয়ে খুঁটিয়ে দেখা, বিশ্লেষণ করা এবং নিজের কাজে ব্যবহার করার প্রযুক্তিই হচ্ছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।
- উপাত্ত আর প্রেক্ষাপট মিলে একটা তথ্য বা ইনফরমেশন (ওহভড়ৎসধঃরড়হ) পাওয়া যায়।
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে আমরা সামাজিক যোগাযোগ, বিনোদন, শিক্ষা, গবেষণা, কৃষি, পরিবেশ, শিল্প, সংস্কৃতি প্রভৃতি ক্ষেত্রে উত্তরোত্তর উন্নতি লাভ করতে পারি।
- আইসিটি ব্যবহার করে আজকাল অফিসের কাজকর্ম নিয়ন্ত্রণ করা যায়, যেটিকে বলা হয় ই-গভর্নেন্স।
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তির এ যুগে মানুষ অনেক বেশি কর্মদক্ষ, অর্থাৎ অনেক কম সময়ে তারা অনেক বেশি কাজ করে ফেলতে পারে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

■ **বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**➲ পাঠ ১ : তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ধারণা**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

১. **SMS এর পূর্ণরূপ কী?**
ক Short Mail Service
● Short Message Service
গ Sound Message Service
ঘ Simple Message Service

২. **তারবিহীন তথ্য পাঠাতে নিচের কোনটি ব্যবহৃত হয়?**(জ্ঞান)
ক বই খ সংবাদপত্র
গ ল্যান্ডফোন ● বেতার

৩. **সাগরে মাছ ধরতে যাওয়ার সময় জাবেদকে তার বাবা সব সময় সঙ্গে রেডিও রাখতে বলেন। তার এরূপ বলার কারণ কী?**(উচ্চতর দক্ষতা)
ক জাবেদের বিনোদন নিশ্চিত করা
● জাবেদকে ঝড়ের কবল থেকে রক্ষা করা
গ জাবেদকে জলদস্যুর হাত থেকে রক্ষা করা
ঘ জাবেদকে মাছের দাম জানতে সাহায্য করা

৪. **জেলেরা সাগরে থাকাকালীন ঝড়-বৃষ্টির খবর পায় কোনটির মাধ্যমে?** [অনুধাবন]
● রেডিও খ টেলিভিশন
গ মোবাইল ফোন ঘ মাইক

৫. **বোর্ডের বিভিন্ন পরীক্ষার ফলাফল অল্প সময়ের মধ্যেই সংগ্রহের ক্ষেত্রে কোন প্রযুক্তির ব্যবহার যুক্তিযুক্ত?** (উচ্চতর দক্ষতা)
● মোবাইল ফোন খ রেডিও
গ টেলিভিশন ঘ ফ্যাক্স

৬. **সমাপনী পরীক্ষার ফলাফল পাওয়ার ক্ষেত্রে লিখনের জন্য সবচেয়ে সহজ উপায় কোনটি?** (প্রয়োগ)
ক স্কুলে যাওয়া
খ শিক্ষককে ফোন করা
● নির্দিষ্ট নম্বরে এসএমএস করা
ঘ শিক্ষাবোর্ডে যোগাযোগ করা

৭. **প্রয়োজন অনুসারে তথ্যসমূহ নিচের কোনটির মাধ্যমে পাওয়া যায়?**
ক কম্পিউটার ● ইন্টারনেট
গ প্রযুক্তি ঘ মাল্টিমিডিয়া

৮. **বড় পর্দায় খেলা দেখার জন্য কোন প্রযুক্তি ব্যবহার করা হয়?** (জ্ঞান)
ক রেডিও খ টেলিভিশন
● প্রজেক্টর ঘ প্লটার

৯. **তথ্যকে বাঁচিয়ে রাখতে যে প্রযুক্তি ব্যবহার করা হয় তাকে কী বলে?**
ক প্রযুক্তি ● তথ্যপ্রযুক্তি গ তথ্য ঘ ইন্টারনেট

১০. **সর্বপ্রথম মানুষ কোন পদ্ধতিতে তথ্য বিনিময় করেছে?** (জ্ঞান)
● কথা বলে খ চিঠি লিখে গ পাথরে লিখে ঘ বই লিখে

১১. **কারা প্রথম কাগজ আবিষ্কার করে?**
ক মিসরীয়রা

খ গ্রিকরা
গ রোমানরা
● চীনারা

১২. **কী আবিষ্কারের পর সারা পৃথিবী মানুষের হাতের মুঠোয় চলে আসতে শুরু করে?**
ক বেতার খ টেলিভিশন
● মোবাইল ফোন ঘ ইন্টারনেট

১৩. **পৃথিবীকে হাতের মুঠোয় আনতে মানুষ যেসব প্রযুক্তি ব্যবহার করত তার মধ্যে বেতারের ভূমিকা সর্বাধিক। কেননা উক্ত যন্ত্রটির আবিষ্কারের পরই–** (উচ্চতর দক্ষতা)
ক তথ্য আদান-প্রদানের সুযোগ সৃষ্টি হয়েছিল
খ তথ্য বিনিময় নতুন জগতে পা দিয়েছিল
● পৃথিবীটা হাতের মুঠোয় চলে আসতে শুরু করেছিল
ঘ পৃথিবীটা পুরোপুরি মানুষের হাতের মুঠোয় চলে এসেছিল

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

১৪. **তথ্য খুঁজতে প্রয়োজন–** (অনুধাবন)
র. ইন্টারনেট
রর. কম্পিউটার
ররর. টেলিভিশন
**নিচের কোনটি সঠিক?**
● র ও রর খ র ও ররর গ রর ও ররর ঘ র, রর ও ররর

১৫. **মাল্টিমিডিয়া প্রজেক্টরের বড় পর্দায়–** (অনুধাবন)
র. ছবি দেখা যায়
রর. ছবি আঁকা যায়
ররর. খেলা দেখা যায়
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর ● র ও ররর গ রর ও ররর ঘ র, রর ও ররর

১৬. **তথ্য প্রযুক্তি ব্যবহার করে তথ্য আদানপ্রদানের উদাহরণ হলো–** (অনুধাবন)
র. রেডিওতে আবহাওয়ার সংবাদ শোনা
রর. টেলিভিশনে কৃষিতথ্য সম্প্রচার করা
ররর. মোবাইল ফোনে পরীক্ষার ফলাফল জানা
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

১৭. **রেডিওর মাধ্যমে জানা যায়–** (অনুধাবন)
র. আবহাওয়ার খবর
রর. ঝড়বৃষ্টির খবর
ররর. পরিবারের খবর
**নিচের কোনটি সঠিক?**
● র ও রর খ র ও ররর
গ রর ও ররর ঘ র, রর ও ররর

১৮. **আজমল সাগরে মাছ ধরতে যাওয়ার সময় সাথে রেডিও নিয়ে যান। উক্ত যন্ত্রটি তাকে সহায়তা করে–** (প্রয়োগ)
র. প্রচণ্ড ঝড়ের কবল থেকে রক্ষা পেতে
রর. জলোচ্ছ্বাসের কবল থেকে রক্ষা পেতে
ররর. জলদস্যুর আক্রমণ থেকে রক্ষা পেতে
**নিচের কোনটি সঠিক?**
● র ও রর খ র ও ররর
গ রর ও ররর ঘ র, রর ও ররর

১৯. **মোবাইলের মাধ্যমে পরীক্ষার ফলাফল জানতে হলে তোমাকে–**
[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
র. বোর্ডের আইডি লিখতে হবে
রর. বিশেষ নম্বরে ঝগঝ করতে হবে
ররর. গ্রাহক সেবা কেন্দ্রে কথা বলতে হবে
**নিচের কোনটি সঠিক?**
● র ও রর খ র ও ররর গ রর ও ররর ঘ র, রর ও ররর

২০. **শাহেদ তার বাবার মোবাইল ফোন থেকে একটা বিশেষ নম্বরে ঝগঝ করে তার পঞ্চম শ্রেণির সমাপনী পরীক্ষার ফলাফল পেয়ে গেল। এখানে মোবাইল ফোনটি হলো–** (উচ্চতর দক্ষতা)
র. একটি বিনোদন যন্ত্র
রর. যোগাযোগের একটি মাধ্যম
ররর. তথ্য ও যোগাযোগ প্রযুক্তির একটি যন্ত্র
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর ● রর ও ররর ঘ র, রর ও ররর

২১. **তথ্য প্রযুক্তি হচ্ছে–** (অনুধাবন)
র. তথ্য আদানপ্রদানের প্রযুক্তি
রর. তথ্যকে বাঁচিয়ে রাখার প্রযুক্তি
ররর. তথ্যকে আটকে রাখার প্রযুক্তি
**নিচের কোনটি সঠিক?**
● র ও রর খ র ও ররর গ রর ও ররর ঘ র, রর ও ররর

২২. **তথ্য আদানপ্রদান ও বাঁচিয়ে রাখা শুরু হয়েছিল–**(অনুধাবন)
র. মাটিতে লিখে
রর. পাথরে লিখে
ররর. গাছের বাকলে লিখে
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

**অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :**
ঢাকায় বিশ্বকাপ ক্রিকেট খেলা শুরু হলে রিয়া তার বড় ভাই রিয়াজের কাছে মাঠে গিয়ে খেলা দেখার আবদার জানিয়ে কান্নাকাটি শুরু করল। কিন্তু

রিয়াজ অনেক চেষ্টা করেও টিকিট জোগাড় করতে পারল না। তাই সে রিয়াকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বড় পর্দায় খেলা দেখিয়ে আনল।

২৩. **বড় পর্দায় খেলা দেখাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ কোন প্রযুক্তি ব্যবহার করে?** (প্রয়োগ)
ক রেডিও খ টেলিভিশন
গ মোবাইল ফোন ● প্রজেক্টর

২৪. **ঢাকা বিশ্ববিদ্যালয়ে না গিয়েও রিয়া সেদিন সরাসরি খেলাটি উপভোগ করতে পারত–** (উচ্চতর দক্ষতা)
র. রেডিও ব্যবহার করে
রর. টেলিভিশন ব্যবহার করে
ররর. স্টেডিয়ামে উপস্থিত থেকে
**নিচের কোনটি সঠিক?**
● র ও রর খ র ও ররর গ রর ও ররর ঘ র, রর ও ররর

➲ পাঠ ২ : তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ধারণা

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

২৫. **কীসের কারণে বিশ্ব আজ হাতের মুঠোয়?**
ক রেডিও খ টেলিভিশন
গ চিঠি ● প্রযুক্তি

২৬. **তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উৎকর্ষের কারণে কোন নতুন শব্দটি ব্যবহার করা হচ্ছে?** (জ্ঞান)
ক গ্লোবাল ওয়ার্ল্ড খ গ্লোবাল সিটি
● গ্লোবাল ভিলেজ ঘ গ্লোবাল হাউজ

২৭. **গ্লোবাল ভিলেজ কথাটির মানে কী?**
[ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]
● সম্পূর্ণ পৃথিবী একটা গ্রামের মতো
খ পুরো পৃথিবী যেন একটা দেশ
গ পুরো পৃথিবী একটা মহাদেশের মতো
ঘ পুরো পৃথিবী একটা থানার মতো

২৮. **গ্লোবাল ভিলেজে আমরা সবাই কার্যত পাশাপাশি। এখানে 'কার্যত পাশাপাশি' বলতে মূলত কী বোঝানো হয়েছে?**(উচ্চতর দক্ষতা)
● বিভিন্ন দূরত্বে থাকলেও সবার সাথে যখন খুশি যোগাযোগ করতে পারা
খ সবাই সবার সাথে একটি নির্দিষ্ট সময়ে যোগাযোগ করতে পারা
গ কিছু নির্দিষ্ট মানুষের যখন খুশি যোগাযোগ করতে পারা
ঘ কিছু নির্দিষ্ট মানুষের একটি নির্দিষ্ট সময়ে যোগাযোগ করতে পারা

২৯. **আমাদের পৃথিবীকে বৈশ্বিক গ্রাম হিসেবে উল্লেখ করার যথার্থ কারণ কোনটি?** (উচ্চতর দক্ষতা)
ক পৃথিবীর সকল কাজ সহজ হয়ে যাওয়া
● পৃথিবীতে যোগাযোগব্যবস্থা সহজ হওয়া
গ পৃথিবীর কঠিন কাজগুলো নিয়ন্ত্রণে চলে আসা
ঘ মানুষের জীবনব্যবস্থা সহজ হয়ে যাওয়া

৩০. **তথ্য ও যোগাযোগ প্রযুক্তিকে বাস্তবে রূপদানের জন্য সর্বাধিক সাহায্য করেছে কোনটি?**
ক টেলিফোন খ মোবাইল ফোন
গ কম্পিউটার ● ডিজিটাল ইলেকট্রনিক্স

৩১. **বর্তমান যুগকে কী বলা হয়?** (জ্ঞান)
● ডিজিটাল যুগ খ কৃষি যুগ
গ আধুনিক যুগ ঘ মোগল যুগ

৩২. **ডিজিটাল বলতে কী বোঝায়?**
ক কম্পিউটার খ ইলেকট্রনিক্স
গ মোবাইল ● আধুনিক যন্ত্রপাতি

৩৩. **কত সালের মধ্যে বাংলাদেশকে 'ডিজিটাল বাংলাদেশ' গড়ার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে?**
ক ২০১১ ● ২০২১ গ ২০৩১ ঘ ২০৪১

৩৪. **প্রযুক্তি কার তথ্যের ওপর নির্ভর করে?**
[আর্মড পুলিশ ব্যাটালিয়ন স্কুল এন্ড কলেজ, বগুড়া]
ক সাহিত্য ● বিজ্ঞান
গ শিল্প ঘ দর্শন

৩৫. **নানারকম যন্ত্রপাতি আর কলাকৌশল ব্যবহার করে মানুষের জীবনকে সহজ করা হলো–** [অনুধাবন]
ক ডিজিটাল ইলেকট্রনিক্স খ গ্লোবাল ভিলেজ
● প্রযুক্তি ঘ বিজ্ঞান

৩৬. **তথ্য প্রযুক্তির ব্যবহার জীবনে অশান্তি ডেকে আনে কীভাবে?**(অনুধাবন)
ক সহজ কাজকে জটিল করে
খ দেশ বিদেশের তথ্য প্রদান করে
● সাধারণ জীবনকে জটিল করে তুলে
ঘ বিভিন্ন তথ্য ইন্টারনেটে প্রচার করে

৩৭. **পৃথিবীর প্রথম কম্পিউটারের নাম কী?**
ক ডেল খ অ্যাপেল
● এনিয়াক ঘ মাইক্রোসফট

৩৮. **যোগাযোগ সহজ করার জন্য ব্যবহার করা হচ্ছে–**
ক ডিজিটাল ক্যামেরা খ সিসি টিভি
● অপটিক্যাল ফাইবার ঘ অনলাইন সংবাদ মাধ্যম

৩৯. **অপটিক্যাল ফাইবার কীসের তৈরি?**
ক তামার খ লোহার গ সুতার ● কাচের

৪০. **ইনফরমেশন সুপার হাইওয়ে কী?** [অনুধাবন]
ক তথ্য সংগ্রহের উপায়
● তথ্য আদানপ্রদান প্রযুক্তি
গ যানবাহন চলাচল প্রযুক্তি

ঘ মোবাইল এন্টেনা

৪১. **পৃথিবীর এক পৃষ্ঠ থেকে অপর পৃষ্ঠে তথ্য পাঠানোর কাজে ব্যবহৃত প্রযুক্তি কোনটি?**
● অপটিক্যাল ফাইবার খ ইন্টারনেট
গ মোবাইল ফোন ঘ স্যাটেলাইট

৪২. **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে পৃথিবী বদলে দেওয়ার বিপ্লব মানুষে মানুষে কেমন সম্পর্ক সৃষ্টি করেছে?**(উচ্চতর দক্ষতা)
ক বৈষম্য বাড়ছে খ দূরত্ব বাড়ছে
● সমতা সৃষ্টি করছে ঘ কলহ সৃষ্টি করছে

৪৩. **আমরা যে কম্পিউটার ব্যবহার করি তাকে কী বলা হয়?**(জ্ঞান)
ক সুপার কম্পিউটার ● মাইক্রো কম্পিউটার
গ মেইনফ্রেম কম্পিউটার ঘ মিনি কম্পিউটার

৪৪. **কোনটি জাদুঘরের সামগ্রীতে পরিণত হচ্ছে?** (অনুধাবন)
● হাতে লেখা চিঠি খ কম্পিউটার
গ মোবাইল ফোন ঘ ল্যান্ডফোন

৪৫. **তথ্য দেওয়া-নেওয়া, বাঁচিয়ে রাখা বা সংরক্ষণ করা, বিশ্লেষণ করা এবং নিজের কাজে ব্যবহার করার প্রযুক্তি কোনটি?** (জ্ঞান)
ক তথ্য প্রযুক্তি খ যোগাযোগ প্রযুক্তি
● তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ঘ তথ্য ও বিশ্লেষণ প্রযুক্তি

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৬. **আধুনিক প্রযুক্তি ব্যবহার করে চিঠির সাথে পাঠানো যায়−**(প্রয়োগ)
র. ছবি
রর. কথা
ররর. ভিডিও
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

৪৭. **ডিজিটাল ইলেকট্রনিক্স আমাদের জন্য আদর্শস্বরূপ। কেননা−**(উচ্চতর দক্ষতা)
র. আধুনিক প্রযুক্তি গড়ে উঠেছে ডিজিটাল ইলেকট্রনিক্স দিয়ে
রর. ডিজিটাল ইলেকট্রনিক্স হচ্ছে ডিজিটাল যুগের প্রাণ
ররর. ডিজিটাল ইলেকট্রনিক্স পুরো পৃথিবীটাকে বদলে দিচ্ছে
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

৪৮. **ডিজিটাল যুগে আধুনিক প্রযুক্তির ব্যবহার −** (অনুধাবন)
র. মানুষের জীবন সহজ করে দিবে
রর. মানুষের জীবনকে আনন্দময় করে তুলবে
ররর. পরিবেশ নষ্ট করে বিপদ ডেকে আনবে
**নিচের কোনটি সঠিক?**
● র ও রর খ র ও ররর গ রর ও ররর ঘ র, রর ও ররর

৪৯. **দেশের স্বার্থে যে সমস্ত প্রযুক্তির ব্যবহার থেকে আমাদের বিরত থাকা উচিত−** (উচ্চতর দক্ষতা)
র. বিপদজনক প্রযুক্তি
রর. অপ্রয়োজনীয় প্রযুক্তি
ররর. পরিবেশ বিনষ্টকারী প্রযুক্তি
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

৫০. **একটা সময় তথ্য প্রযুক্তি ব্যবহার করত শুধু−** (অনুধাবন)
র. বড় বড় দেশ
রর. বড় বড় প্রতিষ্ঠান
ররর. সাধারণ মানুষ
**নিচের কোনটি সঠিক?**
● র ও রর খ র ও ররর গ রর ও ররর ঘ র, রর ও ররর

৫১. **প্রথম দিকের কম্পিউটারগুলো−** (অনুধাবন)
র. আকারে অনেক বড় ছিল
রর. ক্ষমতা অনেক বেশি ছিল
ররর. কিনতে অনেক টাকা লাগত
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর ● র ও ররর গ রর ও ররর ঘ র, রর ও ররর

৫২. **তথ্য প্রযুক্তির সুবিধা ভোগের সুযোগ বৃদ্ধিতে তৈরি হচ্ছে−**(অনুধাবন)
র. নতুন নতুন কম্পিউটার
রর. নতুন নতুন যন্ত্রপাতি
ররর. নতুন নতুন সফটওয়্যার
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

৫৩. **যোগাযোগ সহজ করার জন্য ব্যবহার করা হচ্ছে−**(অনুধাবন)
র. অপটিক্যাল ফাইবার
রর. কাস্টমস হাউজ
ররর. উপগ্রহ
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর ● র ও ররর গ রর ও ররর ঘ র, রর ও ররর

৫৪. **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি হলো−**[আর্মড পুলিশ ব্যাটালিয়ন স্কুল এন্ড কলেজ, বগুড়া]
র. তথ্য আদানপ্রদান
রর. তথ্য সংরক্ষণ ও বিশ্লেষণ
ররর. বিভিন্ন ক্ষেত্রে নিখুঁত তথ্য ব্যবহার
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫৫ ও ৫৬ নং প্রশ্নের উত্তর দাও :**

প্রযুক্তির কল্যাণে পুরো পৃথিবীটাই মানুষের হাতের মুঠোয় চলে এসেছে। পুরো পৃথিবীটাই যেন একটা গ্রাম। সবাই এখানে সবার সাথে যোগাযোগ করতে পারে। বাস্তবে না হলেও কার্যত, আমরা সবাই এখন পাশাপাশি।

**৫৫. এখানে কোন বিষয়টির কথা বলা হয়েছে?**

ক ডিজিটাল ইলেকট্রনিক্স ● বিশ্বগ্রাম
গ তথ্য ঘ প্রযুক্তি

**৫৬. এখানে উল্লিখিত বিষয়টি সম্ভব হয়েছে–**

র. প্রযুক্তি কারণে
রর. যোগাযোগের কারণে
ররর. জিপিএস এর কারণে

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫৭ ও ৫৮ নং প্রশ্নের উত্তর দাও :**

মিনা ও রাজু দুই বন্ধু। মিনা ঢাকায় বসবাস করে। আর রাজু পটুয়াখালীতে থাকে। কিন্তু তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কল্যাণে তারা সব সময়ই একে অপরের সাথে যোগাযোগ রাখে। একে অপরের খোঁজ-খবর নেয়।

**৫৭. তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কারণে মিনা ও রাজু একে অপরকে–**

র. স্পর্শ করতে পারছে
রর. দেখতে পারছে
ররর. কথা বলতে পারছে

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর খ র ও ররর ● রর ও ররর ঘ র, রর ও ররর

**৫৮. মিনা ও রাজুর যোগাযোগের মাধ্যম–**

র. মোবাইল ফোন
রর. চিঠি
ররর. ই-মেইল

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর ● র ও ররর গ রর ও ররর ঘ র, রর ও ররর

**➲ পাঠ ৩ : উপাত্ত ও তথ্য**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**৫৯. তথ্য কী?**

● উপাত্ত ও ঘটনা খ রিপোর্ট ও ঘটনা
গ রেকর্ড ও উপাত্ত ঘ রেকর্ড ও রিপোর্ট

**৬০. ঘটনা বা প্রেক্ষাপট ছাড়া কোনটি অর্থহীন**

● উপাত্ত খ জ্ঞান
গ তথ্য ঘ চিঠি

**৬১. উপাত্ত ও প্রেক্ষাপট মিলে কী তৈরি হয়?** (জ্ঞান)

ক ডাটা ● তথ্য
গ ঘটনা ঘ জ্ঞান

**৬২. তথ্যকে বিশ্লেষণ করলে কী পাওয়া যায়?**[শহীদ পুলিশ স্মৃতি কলেজ, ঢাকা]

ক উপাত্ত খ প্রেক্ষাপট
গ ঘটনা ● জ্ঞান

**৬৩. তথ্যের মৌলিক একক কোনটি?** [পাবনা জিলা স্কুল]

ক ফিল্ড ● উপাত্ত গ রেকর্ড ঘ সেল

**৬৪. উপাত্তের সুশৃঙ্খল ও কার্যকর উপস্থাপনাকে কী বলে?**(জ্ঞান)

● তথ্য খ উপাত্ত
গ ফিল্ড ঘ রেকর্ড

**৬৫. যেকোনো অক্ষর, শব্দ, সংখ্যা বা প্রতীককে লিখিত আকারে প্রকাশ করাকে কী বলে?** (জ্ঞান)

ক জ্ঞান ● উপাত্ত
গ প্রেক্ষাপট ঘ পরিস্থিতি

**৬৬. কেবল ৫, ১৭, ২৯, ৪৫, ১০০ দ্বারা সাধারণভাবে কী বোঝায়?** (অনুধাবন)

ক তথ্য ● উপাত্ত
গ প্রেক্ষাপট ঘ ঘটনা

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**৬৭. তথ্যের বৈশিষ্ট্য হলো–** (অনুধাবন)

র. এতে উপাত্ত থাকবে
রর. এর সাথে ঘটনা সংশ্লিষ্ট থাকবে
ররর. এর একটি সুনির্দিষ্ট পরিকল্পনা থাকবে

**নিচের কোনটি সঠিক?**

● র ও রর খ র ও ররর গ রর ও ররর ঘ র, রর ও ররর

**৬৮. উপাত্তের সাথে ঘটনা সংযুক্ত করলে তথ্য সৃষ্টি হয় যা–** (অনুধাবন)

র. অর্থহীন
রর. অর্থপূর্ণ
ররর. ব্যবহার উপযোগী

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর খ র ও ররর ● রর ও ররর ঘ র, রর ও ররর

**৬৯. উপাত্তের সাথে যার সম্পর্ক থাকলে তা অর্থপূর্ণ হয়ে ওঠে–**(অনুধাবন)

র. ঘটনা
রর. প্রেক্ষাপট
ররর. পরিস্থিতি

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

**অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭০ ও ৭১ নং প্রশ্নের উত্তর দাও :**

সম্প্রতি মালিহা তাদের বিদ্যালয়ের পাঠাগারের সদস্য হয়েছে। এজন্য তাকে একটি ফরম পূরণ করতে হয়েছে। ফরমে নির্ধারিত স্থানে সে তার নাম, ঠিকানা, জন্ম তারিখ, পিতামাতার নাম, শ্রেণি, রোল ইত্যাদি লিখে স্বাক্ষর প্রদান করেছে।

৭০. **সদস্য ফরম পূরণের ক্ষেত্রে মালিহা যেসব শব্দ ও সংখ্যা লিখেছে সেগুলো কী?** (প্রয়োগ)

● তথ্য　খ উপাত্ত

গ প্রেক্ষাপট　ঘ ঘটনা

৭১. **মালিহা যদি উক্ত শব্দ ও সংখ্যা কোনো সাদা কাগজে লিখে তাহলে তা –** (উচ্চতর দক্ষতা)

র. উপাত্ত হিসেবে গণ্য হবে

রর. তথ্য হিসেবে গণ্য হবে

ররর. ব্যবহার অনুপযোগী হবে

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর　● র ও ররর　গ রর ও ররর　ঘ র, রর ও ররর

## ➲ পাঠ ৪ : তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৭২. **কীসের কারণে সারা পৃথিবীতে একটা অসাধারণ বিপ্লব ঘটতে যাচ্ছে?** (জ্ঞান)

ক মোবাইল প্রযুক্তি　● তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

গ আধুনিক প্রযুক্তি　ঘ কম্পিউটার প্রযুক্তি

৭৩. **তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নয়ন কোন কোন ক্ষেত্রে পরিবর্তন ঘটাবে তা মানুষের কোন বৈশিষ্ট্যের ওপর নির্ভরশীল?**(উচ্চতর দক্ষতা)

ক আচরণ　খ সৌন্দর্য

● সৃজনশীলতা　ঘ মহত্ত্ব

৭৪. **কোন যন্ত্র দিয়ে সম্ভব-অসম্ভব সব কাজ করে ফেলা যায়?**(জ্ঞান)

ক টেলিভিশন　● কম্পিউটার

গ এটিএম মেশিন　ঘ ই-বুক রিডার

৭৫. **কম্পিউটার ছোট হয়ে কী লাভ হয়েছে?** (অনুধাবন)

● সহজে বহনযোগ্য হয়েছে　খ সহজে ক্রয়যোগ্য হয়েছে

গ সহজে ব্যবহারযোগ্য হয়েছে　ঘ সহজে বিক্রয়যোগ্য হয়েছে

৭৬. **ল্যাপটপ কী?** (জ্ঞান)

ক উন্নতমানের রেডিও　খ অত্যাধুনিক মোবাইল ফোন

গ টেলিভিশনের ছোট রূপ　● কম্পিউটারের ছোট রূপ

৭৭. **নিচের কোন যন্ত্রটি দিয়ে ইন্টারনেট ব্যবহার করা যায়?** (প্রয়োগ)

ক টেলিভিশন　খ ডিজিটাল ক্যামেরা

● মোবাইল ফোন　ঘ এটিএম মেশিন

৭৮. **কীসের উন্নতির কারণে ব্যক্তিগত ও সামাজিক যোগাযোগ সহজ হয়েছে?** (জ্ঞান)

ক কম্পিউটার　● তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

গ মোবাইল ফোন　ঘ জিপিএস

৭৯. **জামিলা তার মোবাইল ফোন থেকে তার বান্ধবীকে একটি ই-মেইল পাঠাল। ই-মেইল পাঠাতে জামিলা কী ব্যবহার করেছে?**(প্রয়োগ)

● ইন্টারনেট　খ টেলিফোন নেটওয়ার্ক

গ মোবাইল নেটওয়ার্ক　ঘ ফ্যাক্স প্রযুক্তি

৮০. **আজকাল ব্যক্তিগত বা সামাজিক যোগাযোগের ক্ষেত্রে কোন মাধ্যমটি সবচেয়ে বেশি ব্যবহৃত হচ্ছে?** (জ্ঞান)

ক ল্যান্ডফোন　খ কম্পিউটার

● মোবাইল ফোন　ঘ ফ্যাক্স মেশিন

৮১. **তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নয়নের ফলে যোগাযোগের ক্ষেত্রে যে বিশাল পরিবর্তন এসেছে তার সবটুকু ভালো নয় কেন?** (উচ্চতর দক্ষতা)

ক যোগাযোগের ব্যয় বৃদ্ধি পেয়েছে

খ যোগাযোগের গতি হ্রাস পেয়েছে

গ যোগাযোগের ক্ষেত্রে জটিলতা দেখা দিয়েছে

● মানুষের অসামাজিক হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে

৮২. **বিনোদন এখন কীসের ওপর নির্ভর করতে শুরু করেছে?**(জ্ঞান)

ক মোবাইল ফোন　খ কম্পিউটার

● তথ্য ও যোগাযোগ প্রযুক্তি　ঘ দামি সরঞ্জাম

৮৩. **আমরা এখন মাঠে না গিয়ে ঘরে বসেই বিভিন্ন খেলা খুব নিখুঁতভাবে উপভোগ করতে পারি। এক্ষেত্রে কার ভূমিকা সর্বাধিক?** (উচ্চতর দক্ষতা)

ক টেলিভিশন প্রযুক্তি　খ কম্পিউটার প্রযুক্তি

গ মোবাইল ফোন প্রযুক্তি　● তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

৮৪. **বই পড়া, গান শোনা, সিনেমা দেখা ইত্যাদি ক্ষেত্রে বর্তমানে কোনটির ব্যবহার লক্ষ করা যাচ্ছে?** (জ্ঞান)

ক টেলিভিশন　খ মোবাইল ফোন

গ ইন্টারনেট　● তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

৮৫. **শিশুর মানসিক গঠনের জন্য হুমকিস্বরূপ কোনটি?** (জ্ঞান)

● কম্পিউটার গেম　খ মোবাইল ফোন

গ টেলিভিশন　ঘ আউটডোর গেম

৮৬. **কম্পিউটার গেম খেলার বিষয়টি কেমন হওয়া উচিত?**(উচ্চতর দক্ষতা)

ক প্রশংসনীয়　খ দ[illegible]নীয়

গ নিষেধযোগ্য　● পরিমিত ও নিয়ন্ত্রিত

৮৭. **শিশুর সুষ্ঠু শারীরিক গঠনে কোনটি প্রয়োজন?** (অনুধাবন)

ক সারাদিন বিশ্রাম নেওয়া

খ সব সময় দামি খাবার খাওয়া

● মাঠে ছুটোছুটি করে খেলা
ঘ নিয়মিত কম্পিউটার গেম খেলা

৮৮. **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের কোন সমস্যাটি সারা পৃথিবীতে মাথা চাড়া দিয়ে উঠছে?** (উচ্চতর দক্ষতা)
ক যোগাযোগ ব্যবস্থায় জটিলতা বৃদ্ধি
● শিশুর মানসিক বিকাশে ব্যাঘাত সৃষ্টি
গ মানুষের অসামাজিক হওয়ার সম্ভাবনা
ঘ পরিবেশ বিনষ্টজনিত ক্ষতির পরিমাণ বৃদ্ধি

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৮৯. **তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নতির কারণে পরিবর্তন ঘটছে–**
র. বিজ্ঞানের ক্ষেত্রে
রর. চিকিৎসার ক্ষেত্রে
ররর. বিনোদনের ক্ষেত্রে
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

৯০. **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পরিবর্তন আনতে পারে–** (উচ্চতর দক্ষতা)
র. আমাদের পরিচিত সবক্ষেত্রে
রর. আমাদের জানা সবক্ষেত্রে
ররর. আমাদের অজানা সবক্ষেত্রে
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

৯১. **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে আমরা–**(অনুধাবন)
র. তথ্যের আদানপ্রদান করি
রর. তথ্য বিশ্লেষণ করি
ররর. তথ্য তৈরি করি
**নিচের কোনটি সঠিক?**
● র ও রর খ র ও ররর গ রর ও ররর ঘ র, রর ও ররর

৯২. **একসময় কম্পিউটার বলতে সবার চোখের সামনে ভেসে উঠত–** (অনুধাবন)
র. টেলিভিশনের মতো একটা বড় মনিটর
রর. বাক্সের মতো সিপিইউ
ররর. কি-বোর্ড
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

৯৩. **কম্পিউটার ছোট হয়ে পরিণত হয়েছে–**[মাইলস্টোন কলেজ, ঢাকা]
র. নোটবুকে
রর. ট্যাবলেটে
ররর. স্মার্টফোনে
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

৯৪. **ব্যক্তিগত বা সামাজিক যোগাযোগের ক্ষেত্রে বড় পরিবর্তন এনেছে–** (অনুধাবন)
র. এসএমএস
রর. ই-মেইল
ররর. চ্যাটিং
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

৯৫. **সামাজিক যোগাযোগ সম্ভব–** (অনুধাবন)
র. টেলিভিশনের মাধ্যমে
রর. মোবাইল ফোনের মাধ্যমে
ররর. ইন্টারনেট ব্যবহার করে
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর ● রর ও ররর ঘ র, রর ও ররর

৯৬. **ই-মেইলের ব্যবহার দিন দিন বৃদ্ধি পাচ্ছে, কারণ ই-মেইল–**
র. উচ্চ গতিসম্পন্ন
রর. সহজলভ্য
ররর. সাশ্রয়ী
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

৯৭. **তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নয়ন যোগাযোগের ক্ষেত্রে যে পরিবর্তন এনেছে তার সবটুকুই কিন্তু ভালো নয়। তার কারণ হলো–**(উচ্চতর দক্ষতা)
র. নতুন প্রজন্ম এ ব্যাপারে সময় নষ্ট করছে
রর. এরূপ যোগাযোগকে নতুন প্রজন্ম সত্যি ভাবছে
ররর. এরূপ যোগাযোগের ওপর নির্ভরশীল হলে তারা সামাজিক হয়ে উঠবে
**নিচের কোনটি সঠিক?**
● র ও রর খ র ও ররর গ রর ও ররর ঘ র, রর ও ররর

৯৮. **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে শাম্মি–** (প্রয়োগ)
র. বই পড়তে পারবে
রর. গান শুনতে পারবে
ররর. খেলা দেখতে পারবে
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

৯৯. **নতুন প্রজন্মের কেউ কেউ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে যোগাযোগ করাকে সত্যিকারের সামাজিক যোগাযোগ মনে করছে। এখানে যেসব যোগাযোগ পদ্ধতির প্রতি ইঙ্গিত করা হয়েছে তা হলো–** (উচ্চতর দক্ষতা)
র. ই-মেইল করা রর. আড্ডা দেওয়া

ররর. চ্যাটিং

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর ● র ও ররর গ রর ও ররর ঘ র, রর ও ররর

১০০. **শিশুরা দীর্ঘ সময় কম্পিউটার গেমে ডুবে থাকলে–**(অনুধাবন)

র. তাদের শারীরিক গঠন ব্যাহত হবে

রর. তাদের মানসিক বিকাশ বাধাগ্রস্ত হবে

ররর. তারা সামাজিক হয়ে উঠবে

**নিচের কোনটি সঠিক?**

● র ও রর খ র ও ররর গ রর ও ররর ঘ র, রর ও ররর

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১০১ ও ১০২ নং প্রশ্নের উত্তর দাও :**

শাহীন ছুটির দিনে কখনো বই পড়ে আবার কখনো কম্পিউটারে গেম খেলে। সে প্রতিদিন বিকালে বন্ধুদের সাথে মাঠে খেলা করে। কিন্তু তার বন্ধু রিয়ান তার পুরো অবসর সময়টা কম্পিউটারে গেম খেলে কাটায়।

১০১. **নিয়মিত মাঠে খেলাধুলা করার কারণে শাহীনের–** (প্রয়োগ)

র. শরীর ভালো থাকে

রর. মন ভালো থাকে

ররর. পড়াশোনা ভালো হয়

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

১০২. **রিয়ান তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কোন দিক দ্বারা আক্রান্ত?** (উচ্চতর দক্ষতা)

ক ভালো দিক ● ক্ষতিকর দিক

গ নির্ভরশীল দিক ঘ সর্বোত্তম দিক

## ➲ পাঠ ৫ : তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১০৩. **ওঈঞ এর পূর্ণরূপ কী?**[আমর্ড পুলিশ ব্যাটালিয়ন স্কুল অ্যান্ড কলেজ, বগুড়া]

ক ওহঃবৎহধঃরড়হধষ ঈড়সসবৎপব ঞবপযহরয়ঁব

● ওহভড়ৎসধঃরড়হ ধহফ ঈড়সসঁহরপধঃরড়হ ঞবপযহড়ষড়মু

গ ওহংঃঁপঃরড়হ ধহফ ঈড়সসঁহরপধঃরড়হ ঞবপযহড়ষড়মু

ঘ ওসঢ়ড়ৎঃধহঃ ঈড়সঢ়ঁঃবৎ ঞবপযহড়ষড়মু

১০৪. **স্কুলের লেখাপড়ার ভয় বা বিরক্তি লাগার কোনো বিষয় থাকবে না যদি–**

ক ক্লাসে শুধু শিক্ষকের বক্তৃতা শুনতে হয়

খ ক্লাসে শুধু মুখস্থ করতে হয়

● ক্লাসে মাল্টিমিডিয়া ব্যবহার করতে হয়

ঘ ক্লাসে মোবাইল ফোন ব্যবহার করতে হয়

১০৫. **ক্লাসরুমে কোন প্রযুক্তি ব্যবহার করা হয়?**

ক সিসি টিভি ● মাল্টিমিডিয়া প্রজেক্টর

গ ইন্টারনেট ঘ কম্পিউটার

১০৬. **ছাত্রছাত্রীরা বইয়ের বিকল্পরূপে কী ব্যবহার করতে পারে?**

ক মোবাইল ফোন খ আইফোন

● ই-বুক ঘ এমপি-৩

১০৭. **ই-বুকের কাজ কী?** [রংপুর সরকারি উচ্চ বিদ্যালয়]

ক ভিডিও গেমখ গান শোনা

● বই রাখা ঘ কথা বলা

১০৮. **একটি ই-বুক রিডারে কতগুলো বই রাখা যাবে?**

ক ১০০টি খ ২০০টি গ ৫০০টি ● কয়েক হাজার

১০৯. **ই-বুক কী?** (জ্ঞান)

ক একটি দামি বই

খ একটি বিদেশি বই

গ একটি মোবাইল ফোন

● অনেকগুলো বই এক সাথে রাখার যন্ত্র

১১০. **কিছুদিন পর শিক্ষার্থীদের হাতে কী চলে আসলে বই বোঝাই করে ব্যাগ নিয়ে স্কুলে আসতে হবে না?** (জ্ঞান)

ক এ-বুক খ বি-বুক ● ই-বুক ঘ পি-বুক

১১১. **শিক্ষাক্ষেত্রে কোনটির ব্যবহার শিক্ষাকে আনন্দময় করে?**

[এসওএস হারম্যান মেইনার স্কুল এন্ড কলেজ, ঢাকা]

ক অঞগ ● ওঈঞ গ ঙগজ ঘ গওঈজ

১১২. **লিয়াকত হোসেন শ্রেণিকক্ষে কী ব্যবহার করে লেখাপড়ার প্রতি শিক্ষার্থীদের আকর্ষণ বৃদ্ধি করতে পারেন?** (প্রয়োগ)

ক টেলিভিশন খ মোবাইল ফোন

গ ওএমআর ● মাল্টিমিডিয়া প্রজেক্টর

১১৩. **আজকাল কী ব্যবহার না করে চিকিৎসার কথা কল্পনাও করা যায় না?** (জ্ঞান)

● আইসিটি খ আইএসপি গ আইসিসি ঘ ওএমআর

১১৪. **হাসপাতালে চিকিৎসাক্ষেত্রে কোন প্রযুক্তিটি ব্যবহৃত হয়?**

ক সিসি টিভি খ এটিএম মেশিন

● সিটিস্ক্যান মেশিন ঘ মাল্টিমিডিয়া প্রজেক্টর

১১৫. **দূর থেকে টেলিফোন ব্যবহার করে স্বাস্থ্যসেবা দেওয়াকে কী বলে?**

ক টেলিফার্ম খ টেলিফিজিশিয়ান

● টেলিমেডিসিন ঘ টেলিটক

১১৬. **টেলিমেডিসিন কী?** (জ্ঞান)

ক টেলিভিশনে স্বাস্থ্যসেবা

খ টেলিফোনে ওষুধ বিক্রি

গ টেলিভিশনে চিকিৎসা

● টেলিফোনে চিকিৎসা সেবা

১১৭. **রোগ নির্ণয়ের অগ্রগতি সাধিত হয়েছে কোনটির কারণে?**

● ওঈঐ খ মাল্টিমিডিয়া
গ ই-বুক ঘ টেলিফোন

**১১৮. কোন ক্ষেত্রটিতে ওঈঐ সবচেয়ে বেশি ব্যবহৃত হয়?**
ক শিক্ষা খ পরিবেশ ও আবহাওয়া
গ বিনোদন ● বিজ্ঞান ও গবেষণা

**১১৯. কীসের কারণে বিজ্ঞানীরা এখন গবেষণার অনেক জটিল কাজ সহজে করে ফেলতে পারেন?** (জ্ঞান)
ক আইসিসি ● আইসিটি
গ আইপিএস ঘ আইএসটি

**১২০. আমাদের দেশের বিজ্ঞানীরা বিজ্ঞান ও গবেষণায় আইসিটি ব্যবহার করে কী বের করতে পেরেছিলেন?**
[শহীদ বীর উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ, ঢাকা]
ক গমের জিনোম ● পাটের জিনোম
গ তেলের খনি ঘ ধানের জিনোম

**১২১. বাংলাদেশ খাদ্যে প্রায় স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে কীভাবে?**(অনুধাবন)
ক গবেষণার মাধ্যমে খ খাদ্য আমদানি করে
গ পুরাতন উপায়ে চাষ করে ● আধুনিক উপায়ে চাষ করে

**১২২. ১৯৭০ সালে প্রলয়ঙ্করী ঘূর্ণিঝড়ে বাংলাদেশের কত লোক মারা যায়?**
ক ১০ হাজার খ ৫০ হাজার
গ ৮০ হাজার ● প্রায় পাঁচ লক্ষ

**১২৩. অনেক আগেই ঘূর্ণিঝড়ের পূর্বাভাস কীভাবে পাওয়া যায়?**
ক মেঘ দেখে খ কম্পিউটার দেখে
● আইসিটি ব্যবহার করে ঘ গরম পড়লে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১২৪. শিক্ষাক্ষেত্রে আইসিটির ব্যবহার–** (অনুধাবন)
র. শিক্ষার্থীর শিক্ষাজীবন আনন্দময় করে তুলবে
রর. শিক্ষার্থীদের না বুঝে মুখস্থ করার প্রবণতা কমাবে
ররর. শিক্ষার্থীদের বক্তৃতা শোনার বিরক্তি দূর করবে
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

**১২৫. হাসপাতালে ওঈঐ ব্যবহৃত হচ্ছে–** (অনুধাবন)
র. রোগীর রোগ নির্ণয়ে
রর. রোগীর তথ্য সংরক্ষণে
ররর. হিসাব সংরক্ষণে
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

**১২৬. চিকিৎসা ক্ষেত্রে আইসিটি ব্যবহার করা হয়–** (অনুধাবন)
র. সরাসরি স্বাস্থ্যসেবা দিতে
রর. দূর থেকে স্বাস্থ্যসেবা দিতে
ররর. তাৎক্ষণিক স্বাস্থ্যসেবা দিতে
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

**১২৭. টেলিমেডিসিন বিষয়টি সম্পৃক্ত–** (অনুধাবন)
র. চিকিৎসার সাথে
রর. গবেষণার সাথে
ররর. টেলিফোনের সাথে
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর ● র ও ররর গ রর ও ররর ঘ র, রর ও ররর

**১২৮. আইসিটি সবচেয়ে বেশি ব্যবহৃত হয়–** (অনুধাবন)
র. বিজ্ঞানে
রর. গবেষণায়
ররর. শিক্ষাক্ষেত্রে
**নিচের কোনটি সঠিক?**
● র ও রর খ র ও ররর
গ রর ও ররর ঘ র, রর ও ররর

**১২৯. আমাদের দেশের চাষিদের কৃষি সমস্যা সমাধানে সাহায্য করছে–** (জ্ঞান)
র. রেডিও
রর. টেলিভিশন
ররর. মোবাইল ফোন
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

**১৩০. কৃষিক্ষেত্রে আইসিটি ব্যবহার করায়–** (অনুধাবন)
র. চাষিরা আধুনিক পদ্ধতিতে চাষ করতে পারছে
রর. চাষিরা মোবাইল ফোনে কৃষি সমস্যার সমাধান পাচ্ছে
ররর. চাষিরা রেডিও টেলিভিশনে প্রয়োজনীয় কৃষি তথ্য পাচ্ছে
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

**১৩১. সাগর উপকূলের মানুষকে ঘূর্ণিঝড়ের ব্যাপারে সতর্ক করা যাবে–** (প্রয়োগ)
র. রেডিও ব্যবহার করে
রর. টেলিভিশনের মাধ্যমে
ররর. প্রজেক্টর ব্যবহার করে
**নিচের কোনটি সঠিক?**
● র ও রর খ র ও ররর গ রর ও ররর ঘ র, রর ও ররর

**১৩২. আমাদের দেশে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহৃত হচ্ছে–**(অনুধাবন)
র. শিক্ষা পদ্ধতির উন্নয়নে
রর. কৃষি ব্যবস্থার আধুনিকায়নে

ররর. দুর্যোগপূর্ণ পরিস্থিতি মোকাবিলায়

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩৩ ও ১৩৪ নং প্রশ্নের উত্তর দাও :**

লোকমান আলী এ বছর আধুনিক পদ্ধতিতে চাষাবাদ করে পূর্বের তুলনায় অনেক বেশি ফসল উৎপাদন করতে সক্ষম হয়েছেন। চাষাবাদ সম্পর্কিত যে কোনো সমস্যার সমাধান তিনি কৃষক কল সেন্টারে ফোন করে জেনে নেন।

১৩৩. **কৃষি সমস্যার সমাধান তাৎক্ষণিক জানতে লোকমান আলী আইসিটির কোন উপকরণটি ব্যবহার করেন?** (প্রয়োগ)

ক রেডিও খ টেলিফোন

● মোবাইল ফোন ঘ কম্পিউটার

১৩৪. **লোকমান আলীর মতো সকল চাষি যদি আইসিটি ব্যবহার করেন তাহলে আমাদের দেশের কোন সমস্যাটি সমাধান করা সম্ভব হবে?** (উচ্চতর দক্ষতা)

ক নিরক্ষরতা ● খাদ্য ঘাটতি

গ বেকারত্ব ঘ জনসংখ্যার আধিক্য

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩৫ ও ১৩৬ নং প্রশ্নের উত্তর দাও :**

দুরন্ত রিংকুকে বই নিয়ে পড়তে বসাতে ব্যর্থ হয়ে তার মা বাজার থেকে বেশ কিছু শিক্ষামূলক সিডি কিনে আনলেন। সেই সিডি দেখে রিংকু বাংলা ও ইংরেজি বর্ণমালার পাশাপাশি বেশ কয়েকটি মজার ছড়াও শিখে ফেলল।

১৩৫. **রিংকুকে পড়া শেখাতে তার মা কোনটি ব্যবহার করেছে?**(প্রয়োগ)

ক ওএসআর খ সিসি ক্যামেরা

● মাল্টিমিডিয়া ঘ টেলিভিশন

১৩৬. **উক্ত প্রযুক্তির উল্লেখযোগ্য প্রয়োগক্ষেত্রগুলো হলো–**(উচ্চতর দক্ষতা)

র. শিক্ষাদান

রর. বিনোদন

ররর. কৃষি

**নিচের কোনটি সঠিক?**

● র ও রর খ র ও ররর গ রর ও ররর ঘ র, রর ও ররর

## ➲ পাঠ ৬ : তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৩৭. **কীসের কারণে আমরা পৃথিবীর যেকোনো প্রান্তের খবর মুহূর্তের মধ্যে পেয়ে যাই?** (জ্ঞান)

● আইসিটি খ ওএমআর গ জিপিএস ঘ আইএসপি

১৩৮. **প্রচার ও গণমাধ্যমের আধুনিকায়নে কোনটির ভূমিকা সর্বাধিক?**(উচ্চতর দক্ষতা)

ক কাগজ খ রেডিও ● আইসিটি ঘ ইন্টারনেট

১৩৯. **প্রতিবছর স্কুলের ছেলেমেয়েদের জন্য বিশাল সংখ্যক পাঠ্যবই ছাপানো সম্ভব হয়েছে কোনটির কারণে?** (জ্ঞান)

ক কাগজ খ প্রিন্টার গ কম্পিউটার ● আইসিটি

১৪০. **কোন ধরনের ব্যাংকে টাকা জমা রাখলে মিরন সেই ব্যাংকের যে কোনো শাখা থেকে টাকা তোলার সুবিধা পাবে?** (প্রয়োগ)

ক সরকারি ব্যাংকে খ বেসরকারি ব্যাংকে

● অনলাইন ব্যাংকে ঘ বিদেশি ব্যাংকে

১৪১. **কম্পিউটারের সাহায্যে স্বয়ংক্রিয়ভাবে টাকা তুলতে কী লাগে?**

● অঞগ কার্ড খ কি-বোর্ড

গ টেলিফোন ঘ লাইসেন্স

১৪২. **অঞগ এর পূর্ণরূপ কী?**[শহীদ বীর উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ, ঢাকা]

● অঁঃড়সধঃবফ এবষষবৎ গধপযরহব

খ অঁঃড়সধঃরপ এবষষবৎ গধপযরহব

গ অঁঃড়সধঃবফ এবষষবৎ গধপযরহধ্ব

ঘ অঁঃড়সধঃরপ এবষষবৎ গধৎশবঃ

১৪৩. **এটিএম কার্ড ব্যবহারের ক্ষেত্র কোনটি?**[রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক প্রচার ও গণমাধ্যম খ প্রকাশনা

গ বিনোদন ● ব্যাংকিং

১৪৪. **এটিএম মেশিন কী কাজে ব্যবহার করা হয়?** (জ্ঞান)

● টাকা তোলা খ ভিডিও দেখাগ টাইপ করা ঘ রোগ নির্ণয়

১৪৫. **কী দিয়ে চব্বিশ ঘণ্টায় যেকোনো সময় ব্যাংক থেকে টাকা তোলা যায়?** (প্রয়োগ)

ক চেক বই ● এটিএম কার্ড

গ ভিজিটিং কার্ড ঘ দাওয়াত কার্ড

১৪৬. **ব্যাংক বন্ধ হয়ে গেলেও কোথা থেকে টাকা উত্তোলন করা যায়?** (অনুধাবন)

ক অচগ মেশিন ● অঞগ মেশিন

গ অঙগ মেশিন ঘ অগঞ মেশিন

১৪৭. **অনলাইন ব্যাংকিং সম্ভব হয়েছে কীসের কারণে?** (জ্ঞান)

ক ফ্যাক্স খ মোবাইল ফোন

গ জিপিএস ● ইন্টারনেট

১৪৮. **টাকা তোলার কাজ সহজ করার জন্য ইদানীং কী ব্যবহার করে ব্যাংকিং শুরু হয়েছে?** (জ্ঞান)

ক ফ্যাক্স মেশিন খ অঞগ মেশিন

● মোবাইল ফোন ঘ ওএমআর

১৪৯. **আজকাল কোন ক্ষেত্রে আইসিটি ব্যাপকভাবে ব্যবহার করা হয়?** (জ্ঞান)

ক শিক্ষাদান ● শিল্প ও সংস্কৃতি
গ প্রচার মাধ্যম ঘ প্রকাশনা

**১৫০. এক সেকেন্ডের কার্টুন ছবি তৈরি করার জন্য কতটি ছবি তৈরি করতে হতো?**
ক ২০ খ ২৪ ● ২৬ ঘ ৩৬

**১৫১. কার্টুন ছবি তৈরিতে কোনটি ব্যবহার করা হচ্ছে?**
[এসওএস হারম্যান মেইনার স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা]
● এনিমেশন খ ওয়েবক্যাম
গ রং তুলি ঘ স্ক্যানার

**১৫২. ইন্টারনেটের মাধ্যমে ঘরে বসে ব্যবসা করাকে কী বলা হয়?**
● ই-কমার্স খ ই-ব্যাংকিং
গ এম কমার্স ঘ মোবাইল ব্যাংকিং

**১৫৩. ব্যবসা-বাণিজ্য সম্পর্কিত কম্পিউটারের আধুনিক ধারণা কোনটি?** (জ্ঞান)
ক ইন্টার অ্যাকটিভিটি ● ইলেকট্রনিক কমার্স
গ ইলেকট্রনিক ব্যাংক ঘ ইলেকট্রনিক শেয়ারিং

**১৫৪. ই-কমার্স কী?**
ক শহরের সব থেকে বড় দোকানের মাধ্যমে বেচাকেনা করা
খ মোবাইলের মাধ্যমে বেচাকেনা করা
● ইন্টারনেটের মাধ্যমে বেচাকেনা করা
ঘ ঘরে ঘরে গিয়ে পণ্য বিক্রি করা

**১৫৫. উ-পড়সসবৎপব এর উ বলতে কী বোঝায়?** (জ্ঞান)
ক ঊষবপঃৎড়ফ খ ঊষবপঃৎরপধষ
● ঊষবপঃৎড়হরপ ঘ ঊষবপঃৎড়হরপং

**১৫৬. কর্মব্যস্ততার কারণে জেরিন হককে ঘরে বসেই তার সংসারের প্রয়োজনীয় কেনাকাটা সারতে হয়। কোন প্রযুক্তির কারণে তার পক্ষে এভাবে কেনাকাটা করা সম্ভব হয়েছে?** (উচ্চতর দক্ষতা)
ক কম্পিউটার ● ই-কমার্স
গ ই-গভর্নেন্স ঘ ওয়েবক্যাম

**১৫৭. আইসিটি ব্যবহার করে অফিসের কাজকর্ম নিয়ন্ত্রণ করাকে কী বলা হয়?** (জ্ঞান)
ক ই-কমার্স ● ই-গভর্নেন্স
গ ই-বুক ঘ এনিমেশন

**১৫৮. সেনাবাহিনী আইসিটি ব্যবহার করে কোন কাজে?**
ক লেখার খ পড়ার
● প্রতিরক্ষার ঘ যানবাহন নিয়ন্ত্রণের

**১৫৯. কী ব্যবহার করে যেকোনো এলাকাকে তীক্ষ্ণ দৃষ্টিতে মনিটর করা যায়?** (জ্ঞান)
ক কম্পিউটার খ ইন্টারনেট
গ এলইডি টিভি ● সিসি টিভি

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**১৬০. প্রচার ও গণমাধ্যম বলতে বোঝায়–** (অনুধাবন)
র. রেডিও
রর. টেলিভিশন
ররর. অনলাইন সংবাদ
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

**১৬১. প্রকাশনার ক্ষেত্রে আইসিটি ব্যবহার করায়–** (অনুধাবন)
র. বিশাল সংখ্যক বই দ্রুত ছাপানো যায়
রর. নির্ভুল ও আকর্ষণীয় করে বই ছাপানো যায়
ররর. ছাপানো বইগুলো ওয়েবসাইটে রেখে দেওয়া যায়
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

**১৬২. ব্যাংকিং প্রতিষ্ঠানগুলোতে আইসিটি ব্যবহার করায়–**(অনুধাবন)
র. ব্যাংকের যেকোনো শাখা থেকে টাকা তোলা যায়
রর. অঞগ মেশিন থেকে যেকোনো সময় টাকা তোলা যায়
ররর. টাকা জমা না রেখেও প্রয়োজনে টাকা তোলা যায়
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

**১৬৩. লায়লা বেগম ব্যাংক থেকে দিন রাত চব্বিশ ঘণ্টার যেকোনো সময় টাকা তুলতে পারবেন–** (প্রয়োগ)
র. ডেবিট কার্ড ব্যবহার করে
রর. ক্রেডিট কার্ড ব্যবহার করে
ররর. চেক বই ব্যবহার করে
**নিচের কোনটি সঠিক?**
● র ও রর খ র ও ররর গ রর ও ররর ঘ র, রর ও ররর

**১৬৪. আইসিটির প্রদত্ত ব্যাংকিং সেবা হচ্ছে–** (অনুধাবন)
র. অনলাইন ব্যাংকিং
রর. মোবাইল ব্যাংকিং
ররর. এটিএম কার্ড
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

**১৬৫. ব্যাংকিং প্রতিষ্ঠানে আইসিটি ব্যবহার করা হয়–** (অনুধাবন)
র. অর্থের লেনদেনে
রর. নিরাপত্তা নিশ্চিতকরণে
ররর. গ্রাহক হিসাব সংরক্ষণে
**নিচের কোনটি সঠিক?**
ক র ও রর খ র ও ররর
গ রর ও ররর ● র, রর ও ররর

**১৬৬. বর্তমানে শিল্প ও সংস্কৃতি ক্ষেত্রে আইসিটি ব্যাপকভাবে ব্যবহার করা হয়। এর কারণ হলো–** (উচ্চতর দক্ষতা)

র.আইসিটি ব্যবহার করলে পরিশ্রম কম হয়

রর. আইসিটি ব্যবহার করলে সময় কম লাগে

ররর. আইসিটি ব্যবহার করলে কাজের মান ভালো হয়

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

**১৬৭. দৈনন্দিন জীবনে ছাপ ফেলেছে আইসিটির এরকম ব্যবহারগুলো হলো–** (অনুধাবন)

র. প্রচার ও গণমাধ্যম

রর. ব্যবসা-বাণিজ্য

ররর. ব্যাংক

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

**১৬৮. অনলাইনের সাথে সম্পৃক্ত হলো–** (অনুধাবন)

র. টেলিমেডিসিন

রর. ই-গভর্নেন্স

ররর. ই-কমার্স

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর খ র ও ররর ● রর ও ররর ঘ র, রর ও ররর

**১৬৯. অফিসে আইসিটি ব্যবহার করার উদ্দেশ্য হলো–**[রংপুর জিলা স্কুল]

র. দ্রুত কাজ করা

রর. আভিজাত্য প্রকাশ করা

ররর. নির্ভুলভাবে কাজ করা

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর ● র ও ররর

গ রর ও ররর ঘ র, রর ও ররর

**১৭০. ই-গভর্নেন্স প্রক্রিয়ায়–** (অনুধাবন)

র. দেশের প্রতিরক্ষা নিশ্চিত হয়

রর. অফিসের কাজকর্ম করা যায়

ররর. সময় বাঁচে

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর খ র ও ররর ● রর ও ররর ঘ র, রর ও ররর

**১৭১. আইসিটির ব্যবহার ছাড়া রাতারাতি অচল হয়ে যাবে–**(অনুধাবন)

র. যানবাহন নিয়ন্ত্রণ

রর. কলকারখানা পরিচালনা

ররর. অফিসের কাজকর্ম নিয়ন্ত্রণ

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

**অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৭২ ও ১৭৩ নং প্রশ্নের উত্তর দাও :**

অঙ্ক পরীক্ষার আগের দিন মিলা তার অঙ্ক বইটি খুঁজে না পেয়ে কান্না শুরু করে দিল। তখন তার বাবা তার কম্পিউটারে বসে ঘঈঞই-র ওয়েবসাইট থেকে অঙ্ক বইটি প্রথমে ডাউনলোড করল। তারপর বইটি প্রিন্ট করে মিলাকে একটি অঙ্ক বই বানিয়ে দিল।

**১৭২. মিলার বাবার কম্পিউটারের সাথে কীসের সংযোগ থাকায় সে বইটি ডাউনলোড করতে পেরেছে?** (প্রয়োগ)

ক টেলিফোন লাইন ● ইন্টারনেট

গ ওয়েবক্যাম ঘ প্রিন্টার

**১৭৩. উক্ত কাজটি করার ক্ষেত্রে মিলার বাবা যেসব প্রযুক্তির সহায়তা নিয়েছে তা হলো–** (উচ্চতর দক্ষতা)

র. কম্পিউটার

রর. মোবাইল ফোন

ররর. ইন্টারনেট

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর ● র ও ররর গ রর ও ররর ঘ র, রর ও ররর

**➲ পাঠ ৭ ও ৮ : তথ্য ও যোগা**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**১৭৪. আমাদের জীবনের প্রতিটি ক্ষেত্রে সম্পূর্ণ একটা নতুন রূপ দিতে পারবে কোনটি?** (অনুধাবন)

ক টেলিভিশন খ মোবাইল ফোন

গ কম্পিউটার ● তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

**১৭৫. কোনটি ব্যবহার করে আমরা আমাদের জীবনকে অনেক সহজ করে ফেলতে পারি?** (অনুধাবন)

ক ইন্টারনেট খ কম্পিউটার

গ অঞগ মেশিন ● তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

**১৭৬. এ যুগের মানুষ অনেক বেশি কর্মদক্ষ কেন?** (অনুধাবন)

ক শারীরিক দক্ষতার কারণে

খ দূষণমুক্ত পরিবেশের কারণে

● তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কারণে

ঘ উন্নত চিকিৎসা সেবার কারণে

**১৭৭. বর্তমান পৃথিবীর সবচেয়ে মূল্যবান সম্পদ কী?** (জ্ঞান)

● জ্ঞান খ তেলের খনি

গ রুপার খনি ঘ সোনার খনি

**১৭৮. পৃথিবীর সম্পদশালী দেশ কোনটি?** (জ্ঞান)

ক যে দেশে তেলের খনি আছে

খ যে দেশে সোনার খনি আছে

গ যে দেশে বড় বড় কলকারখানা আছে

● যে দেশের মানুষ শিক্ষিত এবং জ্ঞান চর্চা করে

**১৭৯. তথ্যের চর্চা আর বিশ্লেষণ থেকে কী জন্ম নেয়?** (জ্ঞান)

ক উপাত্ত খ প্রেক্ষাপট ● জ্ঞান ঘ অভিজ্ঞতা

**১৮০. কোন যন্ত্র ব্যবহার করে রান্না করা হয়?** (জ্ঞান)

ক এটিএম মেশিন খ ক্লোজ সার্কিট টিভি

গ জিপিএস ● মাইক্রোওয়েভ

**১৮১. রোগ নির্ণয়ের কাজে কোন যন্ত্রটি ব্যবহার করা হয়?** (জ্ঞান)

ক জিপিএস খ মাইক্রোওয়েভ

● সিটিস্ক্যান ঘ এটিএম মেশিন

**১৮২. জিপিএস ব্যবহার করে কী করা হয়?**[রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক রোগ নির্ণয় খ রান্না করা

● গাড়ি চালানো ঘ খবর দেখা

**১৮৩. গৃহস্থালির কাজে কোন যন্ত্রটি ব্যবহার করা যায়?** (প্রয়োগ)

ক ডিজিটাল ক্যামেরা ● ওয়াশিং মেশিন

গ ই-বুক ঘ জিপিএস

**১৮৪. আমরা যদি আমাদের দেশকে সম্পদশালী করে গড়ে তুলতে চাই তাহলে আমাদের এখন কী করণীয়?** (উচ্চতর দক্ষতা)

ক দেশের তেলের খনিগুলো খুঁজে বের করা

খ বেশি করে মানব সম্পদ রপ্তানি করা

গ দেশে বড় বড় কলকারখানা গড়ে তোলা

● তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দ্রুত শিখে নেওয়া

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৮৫. বর্তমান যুগে আমরা আমাদের দৈনন্দিন জীবনের প্রায় সকল ক্ষেত্রেই তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করছি। তাই পূর্বের তুলনায় আমাদের জীবন এখন–** (উচ্চতর দক্ষতা)

র. অনেক বেশি সহজ

রর. অনেক বেশি আনন্দময়

ররর. অনেক বেশি স্বাচ্ছন্দ্যময়

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

**১৮৬. তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কারণে এ যুগের মানুষ–**(অনুধাবন)

র. অতিরিক্ত আরাম প্রিয়

রর. অনেক বেশি কর্মদক্ষ

ররর. অনেক বেশি গতিসম্পন্ন

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর খ র ও ররর

● রর ও ররর ঘ র, রর ও ররর

**১৮৭. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে আমরা–**(অনুধাবন)

র. নিজেদের জীবনকে সহজ করতে পারি

রর. আমাদের দেশকে পাল্টে ফেলতে পারি

ররর. আমাদের দেশকে সম্পদশালী করে গড়ে তুলতে পারি

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

**১৮৮. এক সময় পৃথিবীর সম্পদ মনে করা হতো–** (অনুধাবন)

র. তেলের খনিকে

রর. রুপার খনিকে

ররর. লোহার খনিকে

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর খ র ও ররর

গ রর ও ররর ● র, রর ও ররর

**১৮৯. এখন পৃথিবীর সম্পদশালী দেশ হচ্ছে–** (অনুধাবন)

র. যে দেশের মানুষ শিক্ষিত

রর. যে দেশের মানুষ জ্ঞান চর্চা করে

ররর. যে দেশের মানুষ তথ্য বিশ্লেষণ করতে পারে

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর খ র ও ররর গ রর ও ররর ● র, রর ও ররর

**১৯০. বিনোদনের ক্ষেত্রে ব্যবহৃত আইসিটি ডিভাইস–** (অনুধাবন)

র. জিপিএস

রর. কম্পিউটার

ররর. টেলিভিশন

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর খ র ও ররর

● রর ও ররর ঘ র, রর ও ররর

**১৯১. গৃহস্থালি কাজে ব্যবহারযোগ্য প্রযুক্তি–** (অনুধাবন)

র. মোবাইল ফোন

রর. ওয়াশিং মেশিন

ররর. মাইক্রোওয়েভ

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর খ র ও ররর

● রর ও ররর ঘ র, রর ও ররর

**১৯২. আইসিটি ডিভাইসগুলো–**[নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

র. দ্রুত

রর. সাশ্রয়ী

ররর. সহজলভ্য

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর খ র ও ররর

গ রর ও ররর ● র, রর ও ররর

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৯৩ ও ১৯৪ নং প্রশ্নের উত্তর দাও :**

সারাদিন অফিস করে সন্ধ্যায় বাড়ি ফিরে রান্না করা, কাপড় ধোয়া ইত্যাদি ভারি কাজগুলো রোমানা হককে নিজ হাতে করতে হয়। তাই তিনি বিশ্রাম

ও বিনোদনের জন্য পর্যাপ্ত সময় পান না। সম্প্রতি তিনি এসব কাজে আইসিটির সাহায্য নেওয়ার কথা ভাবছেন।

**১৯৩. রোমানা হক তার বাড়ির কাজগুলো সহজ করতে ব্যবহার করতে পারেন–** (প্রয়োগ)

র. কম্পিউটার

রর. মাইক্রোওয়েভ

ররর. ওয়াশিং মেশিন

**নিচের কোনটি সঠিক?**

ক র ও রর খ র ও ররর

● রর ও ররর ঘ র, রর ও ররর

**১৯৪. উক্ত যন্ত্রগুলো রোমানা হকের জীবনে কীরূপ প্রভাব ফেলবে?** (উচ্চতর দক্ষতা)

ক তার জীবনে জটিলতা সৃষ্টি করবে

খ তার জীবনকে কর্মহীন করে তুলবে

গ তার জীবনকে আধুনিক করে তুলবে

● তার জীবনকে সহজ করে তুলবে

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৯৫ ও ১৯৬ নং প্রশ্নের উত্তর দাও :**

গতকাল অয়নের জন্মদিন ছিল। এ উপলক্ষে সে তার বাবার কাছ থেকে একটি আইসিটি যন্ত্র উপহার পেয়েছে। যন্ত্রটি দিয়ে সে বই পড়তে পারবে। এ যন্ত্রটি ছাড়াও তার আরও তিনটি আইসিটি যন্ত্র আছে।

**১৯৫. জন্মদিন উপলক্ষে অয়নের বাবা অয়নকে কী উপহার দিয়েছে?** (প্রয়োগ)

ক অঞএগ কার্ড ● ই-বুক

গ ডিজিটাল ক্যামেরা ঘ ইলেকট্রনিক গিটার

**১৯৬. অয়নের কাছে থাকা অন্যান্য আইসিটি যন্ত্রগুলো হতে পারে–** (উচ্চতর দক্ষতা)

র. মোবাইল ফোন

রর. ডিজিটাল ক্যামেরা

ররর. এটিএম মেশিন

**নিচের কোনটি সঠিক?**

● র ও রর খ র ও ররর

গ রর ও ররর ঘ র, রর ও ররর

## সংক্ষিপ্ত উত্তর প্রশ্নোত্তর

### ■ মাস্টার ট্রেইনার প্রণীত প্রশ্নোত্তর

**প্রশ্ন- ১ ▸ গ্লোবাল ভিলেজ বলতে কী বোঝায়?**

**উত্তর :** একটা সময় ছিল যখন এক দেশ থেকে অন্য দেশে কেউ চিঠি লিখলে তা পৌঁছাতে এক-দুই সপ্তাহ লেগে যেত। কারণ কাগজে লেখা চিঠিগুলো তখন জাহাজ, প্লেন কিংবা গাড়িতে করে এক দেশ থেকে অন্য দেশে পাঠানো হতো। তারপর সেখান থেকে নির্দিষ্ট ঠিকানায় চিঠিগুলো পৌঁছে দেওয়া হতো। কিন্তু এখন কাজের কথা বিনিময় করার জন্য নতুন অনেক পদ্ধতি বের হয়েছে। সেগুলো ব্যবহার করে আমরা চিঠি, ছবি, কথা, ভিডিও সবকিছু মুহূর্তের মধ্যে পৃথিবীর এক প্রান্ত থেকে অন্য প্রান্তে পাঠিয়ে দিতে পারি। একটা গ্রামে যেমন একজন মানুষ আরেকজনের সাথে যখন খুশি যোগাযোগ করতে পারে- ঠিক তেমনি আধুনিক প্রযুক্তি ব্যবহার করে আমরা সারা পৃথিবীর মানুষের সাথে যোগাযোগ করতে পারি। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নতির ফলে সারা বিশ্বের যোগাযোগ ব্যবস্থা এরূপ সহজ হয়ে যাওয়ার ব্যাপারটি বোঝানোর জন্য পুরো পৃথিবীটাকে এখন 'গ্লোবাল ভিলেজ' হিসেবে আখ্যায়িত কর।

**প্রশ্ন- ২ ▸ আমাদের জীবনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গুরুত্ব ব্যাখ্যা কর।**

**উত্তর :** আমাদের জীবনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গুরুত্ব অপরিসীম। কেননা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে আমরা আমাদের জীবনটাকে সহজ করে নিতে পারি। আগে যে কাজ করতে দিনের পর দিন লেগে যেত, যে কাজগুলো ছিল নিরস, আনন্দহীন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে সে কাজগুলো আমরা চোখের পলকে করতে পারি। বাড়তি সময়টুকু আমরা আনন্দের কাজে ব্যয় করতে পারি। তাই এই যুগের মানুষ অনেক বেশি কর্মদক্ষ, অনেক কম সময়ে তারা অনেক বেশি কাজ করতে পারে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি যেসব ক্ষেত্রে ব্যবহার করা হচ্ছে, সেই ক্ষেত্রগুলো তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কারণে সম্পূর্ণ একটা নতুন রূপ লাভ করছে। সত্যিকথা বলতে কি পৃথিবীটা এখন এমন এক পর্যায়ে পৌঁছে গেছে যে, আমরা যদি আমাদের জীবনের কাজকর্মগুলো করার ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার না করি, তাহলে আমরা অনেক পিছিয়ে পড়ব। তাই বর্তমান যুগের সাথে তাল মিলিয়ে চলার জন্য আমাদের সবাইকে ব্যবহারযোগ্য সকল ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবশ্যই ব্যবহার করতে হবে।

**প্রশ্ন- ৩ ▸ স্মার্টফোন সম্পর্কে লেখ।**

**উত্তর :** তথ্য প্রযুক্তির যুগে মোবাইল ফোন দিয়ে এখন অনেক ধরনের কাজ করা হচ্ছে। একসময় মোবাইল দিয়ে শুধু কথা বলা যেত। এখন মোবাইল দিয়ে গান শোনা যাচ্ছে, ছবি তোলা যাচ্ছে, ভিডিও করা ও দেখা যাচ্ছে, রেডিও শোনাসহ এ রকম অসংখ্য কাজ করা যাচ্ছে। মোবাইল ফোন ধীরে ধীরে বুদ্ধিমান যন্ত্রে পরিণত হয়ে যাচ্ছে। তাই বর্তমানে একটি আধুনিক মোবাইল ফোনকে স্মার্টফোন বলা হচ্ছে।

**প্রশ্ন- ৪ ▸ প্রযুক্তি ব্যবহারে সতর্কতা অবলম্বন করা জরুরি কেন?**

**উত্তর :** বিজ্ঞানের তথ্যের ওপর নির্ভর করে তৈরি করা নানারকম যন্ত্রপাতি আর কলাকৌশল ব্যবহার করে যখন মানুষের জীবনটাকে সহজ করে দেওয়া হয় সেটাই হচ্ছে প্রযুক্তি। প্রযুক্তি ব্যবহারের মূল লক্ষ্য হলো মানব জীবনের

কল্যাণ সাধন। কিন্তু সব প্রযুক্তি এ লক্ষ্য অর্জনের ক্ষেত্রে সহায়ক নয়। কিছু কিছু প্রযুক্তি এ লক্ষ্য অর্জনের ক্ষেত্রে অন্তরায় হিসেবেও কাজ করে। এ ধরনের প্রযুক্তি মানুষের জীবন সহজ করতে গিয়ে জীবনটাকে অনেক জটিল করে দেয়। প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য নষ্ট করে মানুষের জন্য বিপদ ডেকে আনে। আমরা নিজেরাও অনেক সময় অপ্রয়োজনীয় শক্তির জন্য লোভ করে পৃথিবীতে অশান্তি ডেকে আনি। তাই মানব কল্যাণের কথা চিন্তা করে আমাদের সবার প্রযুক্তি ব্যবহারে সতর্কতা অবলম্বন করা জরুরি।

**প্রশ্ন- ৫ ▸ অনলাইন ব্যাংকিং বলতে কী বোঝায়?**

**উত্তর :** যেসব ব্যাংকে অনলাইনের মাধ্যমে টাকা জমাদান ও উত্তোলন করা যায়, তাকে অনলাইন ব্যাংকিং বলে। একটা সময় ছিল যখন একজন মানুষকে ব্যাংক থেকে টাকা তুলতে হলে তাকে ব্যাংকে যেতে হতো। কিন্তু, এখন আর সেটি করতে হয় না। অনলাইন ব্যাংকিং সেবায় ব্যাংকের হিসাবধারী (একাউন্ট হোল্ডার) যেকোনো শাখায় টাকা জমা ও উত্তোলনের সুবিধা পেয়ে থাকে। শুধু তাই নয়, যেখানে এটিএম মেশিন (অঁঃড়সধঃবফ ঞবষষবৎ গধপযরহব) আছে সেখান থেকে ব্যাংক কার্ড দিয়ে দিন-রাত চব্বিশ ঘণ্টার যেকোনো সময় টাকা তোলা যায়। ব্যাপারটি আরও সহজ করার জন্য বর্তমানে মোবাইল টেলিফোন ব্যবহার করে ব্যাংকিং শুরু হয়ে গেছে।

**প্রশ্ন- ৬ ▸ আমাদের দেশে এখন ঘূর্ণিঝড়ে বেশি মানুষ মারা যায় না কেন?**

**উত্তর :** আমাদের দেশের দক্ষিণে বঙ্গোপসাগর। তাই দক্ষিণ অঞ্চলের মানুষদের মাঝে মাঝেই ঘূর্ণিঝড়ের কবলে পড়ে বিভিন্ন ধরনের ক্ষতির সম্মুখীন হতে হয়। আগে এসব ঘূর্ণিঝড়ে অনেক মানুষ মারা যেত। ১৯৭০ সালের প্রলয়ঙ্করী ঘূর্ণিঝড়ে এদেশের প্রায় পাঁচ লক্ষ লোক মারা গিয়েছিল। আগের মতো এখনো মাঝে মাঝে আমাদের দেশে ঘূর্ণিঝড় আঘাত হানে। তবে সেই ঘূর্ণিঝড়ে আগের মতো অনেক মানুষ মারা যায় না। কারণ আইসিটি ব্যবহার করার কারণে ঘূর্ণিঝড় আঘাত হানার অনেক আগেই আমরা ঘূর্ণিঝড়ের পূর্বাভাস পেয়ে যাই। সেই পূর্বাভাসের খবর রেডিও, টেলিভিশনের মাধ্যমে সম্প্রচার করে উপকূলের মানুষদের সতর্ক করে দেওয়া হয়। তাই ঘূর্ণিঝড় আঘাত হানার আগেই তারা নিরাপদ আশ্রয়ে চলে যেতে পারে। এ কারণেই ঘূর্ণিঝড় আগের মতো আমাদের দেশে আঘাত হানলেও আগের মতো এত বেশি মানুষ মারা যায় না।

**প্রশ্ন- ৭ ▸ আইসিটি ব্যবহার করে শিক্ষাজীবনকে কীভাবে আনন্দময় করে তোলা যায়?** [বগুড়া জিলা স্কুল]

**উত্তর :** আমাদের দেশের প্রচলিত ব্যবস্থায় শিক্ষার্থীরা প্রায়ই হাঁপিয়ে উঠে। দীর্ঘক্ষণ ক্লাসে বসে শিক্ষকের বক্তৃতা শোনা, বুঝে না বুঝে মাথা গুঁজে বই মুখস্থ করা, গতানুগতিক পদ্ধতিতে পরীক্ষায় অংশগ্রহণ করা ইত্যাদি কারণে শিক্ষার্থীদের কাছে শিক্ষাগ্রহণের বিষয়টি আনন্দের না হয়ে বোঝা হয়ে উঠে। এক্ষেত্রে আইসিটি ব্যবহার করে তাদের শিক্ষাজীবনকে আনন্দময় করে তোলা যায়। ক্লাসরুমে মাল্টিমিডিয়া প্রজেক্টর ব্যবহার করে লেখাপড়ার অসংখ্য চমকপ্রদ বিষয় শিক্ষার্থীদের দেখানো যায়, বিজ্ঞানের বিষয়গুলো স্ক্রিনে প্রদর্শন করা যায়, পরীক্ষার খাতার পরিবর্তে সরাসরি কম্পিউটারে তাদের পরীক্ষা নেওয়া যায়। তাদেরকে ই-বুক ব্যবহারের সুযোগ করে দিলে তারা সেখানে পাঠ্য বইয়ের পাশাপাশি আরও কয়েক হাজার বই সংরক্ষণ করতে পারবে। অবসর সময়ে সেই সব বই পড়ে তারা আনন্দ লাভের পাশাপাশি জ্ঞানার্জন করার সুযোগ পাবে। ফলে পড়াশোনার প্রতি তাদের আগ্রহ বাড়বে। তাদের শিক্ষাজীবন আনন্দময় হয়ে উঠবে।

**প্রশ্ন- ৮ ▸ মানুষ হিসেবে আমরা খুব সৌভাগ্যবান কেন?**

**উত্তর :** একটা সময় সাধারণ মানুষ তথ্য প্রযুক্তি ব্যবহারের সুযোগ থেকে বঞ্চিত ছিল। তারপর বিজ্ঞানের আশীর্বাদে তারা যখন সেই সুযোগ পেল তখন থেকেই তারা নিজেদের ব্যবহার বৃদ্ধির পাশাপাশি অন্যদের ব্যবহারের সুযোগ সৃষ্টি করে দিতে সচেষ্ট থেকেছে। তাদের এরূপ প্রচেষ্টার ফলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আজ উন্নতির শিখরে পৌঁছে গেছে। আর তাই পৃথিবীতে একটা অসাধারণ বিপ্লব ঘটে যাচ্ছে। আমরা এ যুগের মানুষ সেই বিপ্লবটাকে ঘটতে দেখছি। সবকিছু পাল্টে যাচ্ছে– আমরা চাইলে সেই নতুন জীবনে বসবাস করতে পারি কিংবা আমরা নিজেরাই পৃথিবীটাকে পাল্টে দেওয়ার কাজে লেগে যেতে পারি। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সম্পর্কে ভালোভাবে জেনে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আমাদের জীবনটাকে কীভাবে বদলে দিয়েছে তা সঠিকভাবে অনুধাবন করে নতুন নতুন জিনিস আবিষ্কারের মাধ্যমে আমরা আমাদের দেশ ও পৃথিবীটাকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির দিকে এগিয়ে নিয়ে যেতে পারি। তাই মানুষ হিসেবে আমরা খুবই সৌভাগ্যবান।

**প্রশ্ন- ৯ ▸ তথ্য প্রযুক্তি বলতে কী বোঝায়?**

**উত্তর :** উপাত্তের সাথে যদি কোনো ঘটনা, প্রেক্ষাপট বা পরিস্থিতির সম্পর্ক থাকে তাহলে সে উপাত্তগুলো অর্থপূর্ণ হয়। এ ধরনের উপাত্ত সহজে বোঝা যায় এবং প্রয়োজনে ব্যবহার করা যায়। এ ধরনের উপাত্তকে বলা হয় তথ্য আর এই তথ্যকে আদানপ্রদান কিংবা বাঁচিয়ে রাখার জন্য যে প্রযুক্তি ব্যবহার করা হয় তাকে বলা হয় তথ্য প্রযুক্তি। তথ্য প্রযুক্তি ব্যবহার করে আমরা পৃথিবীর এক প্রান্তে বসে অন্য প্রান্তের লোকজনের সাথে তথ্য আদানপ্রদান করতে পারি এবং প্রয়োজনে তথ্যকে দীর্ঘদিন সংরক্ষণ করতে পারি। অর্থাৎ তথ্য আদানপ্রদান ও সংরক্ষণের কাজে ব্যবহৃত প্রযুক্তিই তথ্য প্রযুক্তি।

**প্রশ্ন- ১০ ▸ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে সারা পৃথিবীকে বদলে দেওয়ার একটা বিপ্লব শুরু হয়েছে– ব্যাখ্যা কর।**

**উত্তর :** একটা সময় ছিল যখন কম্পিউটার ছাড়া তথ্য প্রযুক্তি ব্যবহার করার সুযোগ ছিল। আর সেই কম্পিউটারের মূল্য ছিল লক্ষ কোটি টাকা। তাই সাধারণ মানুষ ছিল তথ্য প্রযুক্তি ব্যবহারকারীর তালিকার বাইরে। কিন্তু এখন কম্পিউটার ছাড়াও বিভিন্ন উপকরণ ব্যবহার করে তথ্য প্রযুক্তি ব্যবহার করার সুযোগ সৃষ্টি হয়েছে। আর এসব উপকরণের মূল্য সাধারণ মানুষের ক্রয়সীমার মধ্যে। তাই সাধারণ মানুষও আজ তথ্য প্রযুক্তি ব্যবহারের সুফল ভোগ করছে। তথ্য প্রযুক্তি ব্যবহারের জন্য এখন কম্পিউটারের পাশাপাশি

নতুন নতুন যন্ত্রপাতি তৈরি হচ্ছে, কম্পিউটার আর যন্ত্রপাতি ব্যবহার করার জন্য নতুন নতুন সফটওয়্যার তৈরি হচ্ছে। যোগাযোগ সহজ করার জন্য অপটিক্যাল ফাইবার কিংবা উপগ্রহ তৈরি হচ্ছে, তথ্য আদানপ্রদানের জন্য ইন্টারনেট দাঁড় করানো হয়েছে এবং ইনফরমেশন সুপার হাইওয়ে তৈরি করা হয়েছে। সবকিছু মিলিয়ে একদিকে যেমন পৃথিবীর যেকোনো প্রান্ত থেকে অন্য প্রান্তের তথ্য আদানপ্রদান সহজ হয়ে গেছে ঠিক তেমনি পৃথিবীর সবচেয়ে বেশি ক্ষমতাশীল মানুষ যে তথ্যটি নিতে পারে– একেবারে সাধারণ একজন মানুষও ঠিক সেই তথ্যটি নিজের জন্য নিতে পারে। তাই বলা যায়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে সারা পৃথিবীকে বদলে দেওয়ার একটা বিপ্লব শুরু হয়েছে।

**প্রশ্ন- ১১ ▸ বিজ্ঞান ও গবেষণায় আইসিটি কীভাবে ব্যবহৃত হচ্ছে?**

**উত্তর :** বর্তমানে আইসিটি সবচেয়ে বেশি ব্যবহৃত হচ্ছে বিজ্ঞান ও গবেষণায়। আইসিটির কারণে বিজ্ঞানীরা গবেষণার অনেক জটিল কাজ এখন সহজে করে ফেলতে পারেন। আইসিটি গবেষণার জগতে শুধু যে বিশাল উন্নতি সাধন করেছে তা নয়- এখানে একটা নতুন মাত্রা যোগ করেছে। তাই মানুষ এখন সাহিত্য, শিল্প, সমাজবিজ্ঞান, গণিত, বিজ্ঞান যা নিয়েই গবেষণা করুক না কেন তাদের আইসিটির সাহায্য নিতেই হবে। কারণ গবেষণা করতে হলেই নানা ধরনের তথ্য নিয়ে কাজ করতে হয়। তথ্য সংগ্রহ করতে হয়, প্রক্রিয়া করতে হয়, তথ্য বিশ্লেষণ করতে হয় এবং গবেষণা শেষে তথ্যকে সুন্দর করে প্রদর্শন করতে হয়। আগে এ কাজগুলো হাতে কলমে করতে হতো বলে দৈহিক পরিশ্রম বেশি হতো। কিন্তু এখন আইসিটি ব্যবহার করা হয় বলে এসব কাজ গবেষকরা খুব অল্প সময়ে নির্ভুলভাবে করে ফেলতে পারে। আমাদের দেশের বিজ্ঞানীরা যখন পাটের জিনোম বের করেছিল তখন তারাও আইসিটি ব্যবহার করেছিলেন।

**প্রশ্ন- ১২ ▸ শিশুদের বিনোদনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার কেমন হওয়া উচিত?**

**উত্তর :** বর্তমান যুগে বিনোদনও তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ওপর নির্ভর করতে শুরু করেছে। বই পড়া, গান শোনা, সিনেমা দেখা থেকে শুরু করে কম্পিউটার গেম খেলা পর্যন্ত এই প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে। ক্রিকেট ও ফুটবল খেলায় এই প্রযুক্তি চমৎকারভাবে ব্যবহৃত হচ্ছে। খেলার মাঠে না গিয়েও আমরা ঘরে বসে এসব খেলা নিখুঁতভাবে উপভোগ করতে পারছি। তবে শিশুদের বিনোদনের ক্ষেত্রে এই প্রযুক্তির ব্যবহারে সতর্কতা অবলম্বন করা আবশ্যক। কারণ শিশুদের শারীরিক গঠন ও মানসিক বিকাশের জন্য খোলা মাঠে ছোটাছুটি করা প্রয়োজন। কিন্তু তারা যদি তা না করে কম্পিউটার বা অনুরূপ কোনো বিনোদন উপকরণ নিয়ে দীর্ঘ সময় ডুবে থাকে তাহলে তাদের শারীরিক গঠন ব্যাহত হবে এবং তাদের মানসিক বিকাশের ক্ষেত্রেও এর নেতিবাচক প্রভাব পড়বে। তাই শিশুদের শারীরিক বৃদ্ধি ও মানসিক বিকাশ স্বাভাবিক রাখার জন্য শিশুদের বিনোদনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার সীমিত হওয়া উচিত।

**প্রশ্ন- ১৩ ▸ আমাদের দেশের প্রকাশনায় কীভাবে আইসিটি ব্যবহার করা হচ্ছে?** [নওগাঁ জিলা স্কুল]

**উত্তর :** আমাদের দেশের স্কুলপড়ুয়া ছেলেমেয়েদেরকে প্রতিবছর সরকারের পক্ষ থেকে নতুন বই দেওয়া হয়। এই নতুন বইয়ের সংখ্যা কোটি কোটি। বিশাল সংখ্যক এই বই নির্দিষ্ট সময়ের মধ্যে ছাপানোর জন্য প্রকাশনায় আইসিটি ব্যবহার করা হয়। আইসিটি ব্যবহার করে শুধু যে নির্ভুল আর আকর্ষণীয় করে বই ছাপানো যায় তাই নয়; এসব বই ওয়েবসাইটে রেখে দেওয়া যায়। ওয়েবসাইটে রেখে দেওয়া এসব বই শিক্ষার্থীরা তাদের প্রয়োজনে পড়তে পারবে, ডাউনলোড করে নিতে পারবে। প্রকাশনার জগতে আইসিটির এরূপ ব্যবহার শিক্ষার্থীদের শিক্ষাগ্রহণের বিষয়টিকে অনেক সহজ করে তুলেছে।

**প্রশ্ন- ১৪ ▸ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কাকে বলে? প্রচার ও গণমাধ্যমে এর ব্যবহার লেখ।**

**উত্তর :** যে প্রযুক্তি ব্যবহার করে তথ্য আদানপ্রদান করা যায়, তথ্যকে বাঁচিয়ে রাখা বা সংরক্ষণ করা যায় আবার প্রয়োজনে তথ্যকে খুঁটিয়ে খুঁটিয়ে দেখা যায়, বিশ্লেষণ করা যায় এবং নিজের কাজে ব্যবহার করা যায় তাকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বলে।

**প্রচার ও গণমাধ্যমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার :** রেডিও, টেলিভিশন, খবরের কাগজ বা অনলাইন সংবাদ মাধ্যমকে বলা হয় প্রচার ও গণমাধ্যম। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করার কারণে এই বিষয়গুলো আগের তুলনায় এখন অনেক বেশি উন্নত হয়েছে। তাই পৃথিবীর যেকোনো প্রান্তে ঘটে যাওয়া যেকেনো ঘটনার সংবাদ আমরা মুহূর্তের মধ্যে পেয়ে যাই। শুধু তাই নয় আইসিটির কারণে সেই সব ঘটনার ভিডিও চিত্রও আমরা সঙ্গে সঙ্গে দেখতে পাই।

**প্রশ্ন- ১৫ ▸ এচঝ (জিপিএস) সম্পর্কে লেখ।**

**উত্তর :** এচঝ হলো এষড়নধষ চড়ংরঃরড়হরহম ঝুংঃবস এর সংক্ষিপ্ত রূপ। এর সাহায্যে আমাদের অবস্থান সম্পর্কে নিখুঁতভাবে জানা যায়। এটি আজকাল প্রায় সব স্মার্টফোনেই লাগানো থাকে। নতুন প্রায় সব গাড়িতে পথ দেখানোর জন্য জিপিএস লাগানো থাকে।

পৃথিবীকে ঘিরে কৃত্রিম উপগ্রহ ঘুরছে যা পৃথিবীতে সংকেত পাঠায়। জিপিএস এর এই সংকেত বিশ্লেষণ করে মানুষ বুঝতে পারে সে কোথায় আছে এবং এর সাথে জুড়ে দেওয়া ম্যাপ দেখে একজন মানুষ যেকোনো জায়গায় চলে যেতে পারে। কোথায় যেতে হবে সেটি জিপিএস-এ ঢুকিয়ে দিলে জিপিএস সঠিক পথ দেখিয়ে গন্তব্যে পৌঁছে দিতে সাহায্য করে।

**প্রশ্ন- ১৬ ▸ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির দ্বারা সংঘটিত পরিবর্তন মানুষের সৃজনশীলতার ওপর নির্ভরশীল কেন?**

**উত্তর :** তথ্য ও যোগাযোগ প্রযুক্তির দ্বারা সংঘটিত পরিবর্তন নির্ভর করে মানুষের সৃজনশীলতার ওপর। যে যত বেশি সৃজনশীল সে তত বেশি ক্ষেত্রে এটি ব্যবহার করতে পারবে।

কম্পিউটার একটি অসাধারণ যন্ত্র, যেটা দিয়ে সম্ভব-অসম্ভব সব কাজ করে ফেলা যায়। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিয়ে আমরা কেবল তথ্যের আদানপ্রদান করি না, তথ্যের বিশ্লেষণ বা প্রক্রিয়াকরণেও কম্পিউটার ব্যবহার করা হয়। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির পরিবর্তনের সবচেয়ে চমকপ্রদ বিষয় হলো কম্পিউটার এখন এত ছোট করে তৈরি করা সম্ভব যে, আমাদের মোবাইল ফোনের ভেতরেও সেট করা যায়। আমরা যে কাজগুলো শুধুমাত্র কম্পিউটার দিয়ে করতে পারতাম সেগুলো আমরা এখন মোবাইল টেলিফোন দিয়েই করতে পারি।

**প্রশ্ন- ১৭ ▸ আইসিটি কীভাবে আমাদের দেশের কৃষকদের সাহায্য করছে?** [পাবনা জিলা স্কুল]

**উত্তর :** আমাদের দেশ একটি কৃষিনির্ভর দেশ। এ দেশের বিশাল জনগোষ্ঠী তাদের খাদ্য চাহিদা পূরণে চাষিদের ওপর নির্ভরশীল। কৃষিপ্রধান এই বাংলাদেশে আগে চাষিরা সনাতন পদ্ধতিতে কৃষি কাজ করত। এ কারণে তাদের পরিশ্রম হতো অনেক বেশি। কিন্তু সেই তুলনায় তারা অনেক কম ফসল পেত। তাই তারা অর্থনৈতিকভাবে কখনো সচ্ছলতা অর্জন করতে পারত না। কিন্তু এখন তাদের দিন পাল্টে গেছে। কারণ কৃষি কাজে সাহায্য করার জন্য আইসিটি তাদের দিকে সহায়তার হাত বাড়িয়ে দিয়েছে। এখন রেডিও, টেলিভিশনে নিয়মিত কৃষিভিত্তিক অনুষ্ঠান সম্প্রচারিত হচ্ছে, ইন্টারনেটে কৃষির ওপর ওয়েবসাইট তৈরি হয়েছে, এমনকি চাষিরা এখন মোবাইল ফোনে যেকোনো কৃষি সমস্যার সমাধান তাৎক্ষণিকভাবে পেয়ে যাচ্ছে। আইসিটির প্রদত্ত এসব সুযোগ-সুবিধা পাওয়ার কারণে চাষিরা এখন আধুনিক পদ্ধতিতে কৃষি কাজ করছে। তাই তারা আগের তুলনায় অনেক বেশি ফসল পাচ্ছে। এতে তারা নিজেরা আর্থিকভাবে লাভবান হচ্ছে এবং দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হচ্ছে।

**প্রশ্ন- ১৮ ▸ সামাজিক যোগাযোগের ক্ষেত্রে আইসিটির প্রভাব ব্যাখ্যা কর।**

**উত্তর :** সামাজিক যোগাযোগের ক্ষেত্রে আইসিটির ইতিবাচক ও নেতিবাচক দুই ধরনের প্রভাবই লক্ষণীয়। আইসিটির উন্নয়নের ফলে আমরা এখন শুধু মোবাইল ফোন ব্যবহার করেই একে অন্যের সাথে অনেক বেশি যোগাযোগ করতে পারি। তার সাথে যদি এসএমএস, ই-মেইল, চ্যাটিং ইত্যাদি যুক্ত করি তাহলে বলতে হবে সামাজিক যোগাযোগের ক্ষেত্রে একটা বড় পরিবর্তন এসেছে। কারণ এসব প্রযুক্তি ব্যবহার করে আমরা পৃথিবীর এক প্রান্তে বসে অন্য প্রান্তের লোকজনের সাথে চিঠি, কথা, ছবি, ভিডিও সবকিছুই চোখের পলকে আদানপ্রদান করতে পারি। তবে এ পরিবর্তনের সবটুকুকে ভালো বলা যাবে না। কারণ নতুন প্রজন্মের কেউ কেউ এ ব্যাপারে বেশি সময় নষ্ট করছে। তারা এ ধরনের যোগাযোগকে সত্যিকারের যোগাযোগ ভেবে বড় বড় ভুল করে বসছে। বন্ধু-বান্ধব, আত্মীয় স্বজন থেকে বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে। কাজেই আইসিটির ওপর অতিরিক্ত মাত্রায় নির্ভরশীল হয়ে পড়ার কারণে নতুন প্রজন্ম কেউ কেউ অসামাজিকও হয়ে উঠতে পারে।

**প্রশ্ন- ১৯ ▸ তথ্য প্রযুক্তি তথ্য আদানপ্রদানে কীরূপ পরিবর্তন এনেছে?**

**উত্তর :** তথ্য প্রযুক্তি তথ্য আদানপ্রদানে বৈপ্লবিক পরিবর্তন এনেছে। তবে এই পরিবর্তন একদিনে বা হঠাৎ করে নয়, ধীরে ধীরে। এক সময় মানুষ একজনের সাথে আরেকজন কথা বলেই শুধু তথ্য বিনিময় করতে পারত। তারপর মাটি, পাথর, গাছের বাকলে লিখে তথ্য আদানপ্রদানে ও বাঁচিয়ে রাখা শুরু হলো। চীনারা কাগজ আবিষ্কার করার পর তথ্য আদানপ্রদানের সুযোগ অনেক বেড়ে যায়। টেলিফোন আবিষ্কার হওয়ার পর তথ্য বিনিময় একটা নতুন জগতে পা দেয়। আর বেতার আবিষ্কারের পর সারা পৃথিবীটাই মানুষের হাতের মুঠোয় চলে আসতে শুরু করে। বর্তমানে তথ্য প্রযুক্তি এতটাই উন্নত হয়েছে যে তা ব্যবহার করে আমরা পৃথিবীর এক প্রান্ত থেকে যখন ইচ্ছে চিঠি, কথা, ছবি, ভিডিও মুহূর্তের মধ্যে অন্য প্রান্তে পাঠিয়ে দেওয়া যায়।

**প্রশ্ন- ২০ ▸ আগে সাধারণ মানুষ তথ্য প্রযুক্তি ব্যবহারের সুযোগ পেত না কেন?** [বিএএফ শাহীন কলেজ, ঢাকা]

**উত্তর :** আগে তথ্য প্রযুক্তি ব্যবহার করত কেবল বড় বড় দেশ কিংবা বড় বড় প্রতিষ্ঠান। কারণ তখন তথ্য প্রযুক্তি ব্যবহার করতে কম্পিউটার প্রয়োজন হতো আর সেই কম্পিউটার তৈরি করা কিংবা ব্যবহার করার ক্ষমতা সবার ছিল না। সেই কম্পিউটারগুলোর ক্ষমতা খুব বেশি না থাকলেও আকার ছিল বিশাল। একটা কম্পিউটার রাখার জন্য তখন রীতিমতো একটা আস্ত দালান লেগে যেত। আর এই দৈত্যাকার কম্পিউটারের দাম ছিল লক্ষ কোটি টাকা। এ কারণে তখনকার সাধারণ মানুষ তথ্য প্রযুক্তি ব্যবহারের সুযোগ পেত না।

**প্রশ্ন- ২১ ▸ চিকিৎসা ক্ষেত্রে আইসিটি কীভাবে ব্যবহৃত হচ্ছে?**

**উত্তর :** আজকাল আইসিটি ব্যবহার না করে চিকিৎসার কথা কল্পনাও করা যায় না। আগে কারো অসুখ হলে ডাক্তাররা রোগীর নানা ধরনের উপসর্গ খুঁটিয়ে খুঁটিয়ে দেখে রোগ নির্ণয় করতেন। এখন আধুনিক যন্ত্রপাতি দিয়ে নিখুঁতভাবে রোগ নির্ণয় করা যায়। শুধু তাই নয়, কেউ যদি হাসপাতালে চিকিৎসা নিতে যায়, তখন তার সব ধরনের তথ্য সংরক্ষণ থেকে শুরু করে তার চিকিৎসার বিভিন্ন খুঁটিনাটি আইসিটি ব্যবহার করে সংরক্ষণ করা সম্ভব। দূর থেকে টেলিফোন ব্যবহার করেও স্বাস্থ্য সেবা দেওয়া যায়- যেটার নাম টেলিমেডিসিন। টেলিমেডিসিন পদ্ধতি ব্যবহার করে দেশের যেকোনো প্রান্ত থেকে যেকোনো সময় জরুরি অবস্থায় স্বাস্থ্যসেবা গ্রহণ করা যায়।।

**প্রশ্ন- ২২ ▸ আইসিটি ব্যাংকিং সেবায় কীরূপ পরিবর্তন এনেছে?**

**উত্তর :** একটা সময় ছিল যখন একজন মানুষকে ব্যাংক থেকে টাকা তুলতে হলে তাকে ব্যাংকের নির্দিষ্ট শাখায় যেতে হতো। এখন আর সেটি করতে হয় না। কারণ এখন অধিকাংশ ব্যাংক অনলাইন হয়ে গেছে। আর যেসব ব্যাংক অনলাইন হয়ে গেছে সেসব ব্যাংকে জমা রাখা টাকা দেশের ঐ ব্যাংকের যেকোনো শাখা থেকে তোলা যায়। শুধু তাই নয়, যেখানে এটিএম মেশিন আছে সেখান থেকে ব্যাংক কার্ড দিয়ে দিন-রাত চব্বিশ ঘণ্টার

যেকোনো সময় টাকা তোলা যায়। ব্যাংক থেকে টাকা তোলার ব্যাপারটি আরও সহজ করার জন্য ইদানীং মোবাইল ফোন ব্যবহার করে ব্যাংকিং শুরু হয়ে গেছে। ব্যাংকিং সেবায় ঘটে যাওয়া এসব পরিবর্তনের পরিপ্রেক্ষিতে বলা যায়, আইসিটি ব্যাংকিং সেবায় বিশাল পরিবর্তন এনেছে।

**প্রশ্ন- ২৩ ▸ বিদ্যালয়ে ব্যবহৃত আইসিটি নির্ভর ২টি প্রযুক্তি সম্পর্কে লেখ।**

**উত্তর :** বিদ্যালয়ে ব্যবহৃত আইসিটি নির্ভর ২টি প্রযুক্তি হলো :

১. **কম্পিউটার :** কম্পিউটার শব্দের অর্থ গণক বা হিসাবকারী। কম্পিউটার শুধু একটি হিসাবকারী যন্ত্রই নয়, আরও অনেক কিছু। মৌলিক অর্থে কম্পিউটার হলো একটি ইলেকট্রনিক ডিভাইস যা ডেটা বা উপাত্ত প্রক্রিয়াকরণ করে মানুষের জন্য প্রয়োজনীয় তথ্যে রূপান্তর করে।

২. **প্রজেক্টর :** কম্পিউটারের ছোট মনিটরে এক সাথে কয়েকজন দেখতে পায়। অনেক সময়ই এক সাথে অনেকের দেখার দরকার হয়। এরকম কাজের জন্য মাল্টিমিডিয়া বা ভিডিও প্রজেক্টর ব্যবহার করা হয়। প্রজেক্টর মনিটরের দৃশ্যটি অনেক বড় করে বিশাল স্ক্রিনে দেখাতে পারে।

**প্রশ্ন- ২৪ ▸ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে কীভাবে আমরা দেশকে সমৃদ্ধশালী করে গড়ে তুলতে পারব?**

**উত্তর :** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে আমরা যে শুধুমাত্র আমাদের নিজের জীবনটাকে সহজ করতে পারি তা নয়, আমরা কিন্তু আমাদের দেশটাকেও পাল্টে ফেলতে পারি। একসময় মনে করা হতো তেলের খনি, লোহার খনি বা সোনারুপার খনি কিংবা বড় বড় কলকারখানা হচ্ছে পৃথিবীর সম্পদ। তাই যে দেশে এগুলো বেশি তারা হচ্ছে সম্পদশালী দেশ। এখন কিন্তু এই ধারণাটা পুরোপুরি পাল্টে গেছে। এখন মনে করা হয় জ্ঞান হচ্ছে পৃথিবীর সম্পদ, আর যে দেশের মানুষজন লেখাপড়া শিখে শিক্ষিত, যারা জ্ঞান চর্চা করে সেই দেশ হচ্ছে সম্পদশালী দেশ। তথ্যের চর্চা আর বিশ্লেষণ থেকে জ্ঞান জন্ম নেয়। তাই যে দেশ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে তথ্যকে সংগ্রহ করতে পারে, বিশ্লেষণ করতে পারে সেই দেশ হচ্ছে পৃথিবীর সম্পদশালী দেশ। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শেখার দরজা সবার জন্য খোলা, তাই আমরা যত তাড়াতাড়ি এই প্রযুক্তি শিখে নিতে পারব, তত তাড়াতাড়ি আমরা ডিজিটাল বাংলাদেশ গড়তে পারব এবং দেশকে সম্পদশালী করে গড়ে তুলতে পারব।

**প্রশ্ন- ২৫ ▸ বিনোদনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রভাব লেখ।**

**উত্তর :** বিনোদন এখন তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ওপর অনেকখানি নির্ভরশীল। বই পড়া, গান শোনা, সিনেমা দেখা থেকে শুরু করে এই প্রযুক্তি কম্পিউটার গেম খেলায় ব্যবহার করা শুরু হয়েছে। ক্রিকেট বা ফুটবল খেলা দেখাতে এই প্রযুক্তি চমৎকারভাবে ব্যবহার করা হচ্ছে। খেলার মাঠে না গিয়েও আমরা ঘরে বসে অনেক বড় বড় খেলা নিখুঁতভাবে দেখতে পারি। তবে তথ্য ও প্রযুক্তিগত বিনোদন ব্যবহার করে বাবা-মায়ের তাদের ছেলেমেয়েদের খেলার মাঠে ছোটাছুটি না করিয়ে কম্পিউটারের সামনে দীর্ঘসময় বিনোদনে ডুবে থাকতে দিচ্ছেন যা শিশুর মানসিক গঠনের জন্য মোটেও ভালো নয়।

**প্রশ্ন- ২৬ ▸ বর্তমান যুগকে ডিজিটাল যুগ বলা হচ্ছে কেন?**

**উত্তর :** একটা সময় ছিল যখন একটা সাধারণ চিঠি এক দেশ থেকে অন্য দেশে পাঠাতে এক-দুই সপ্তাহ লেগে যেত। কিন্তু এখন আমরা চিঠি কথা, ছবি, ভিডিও সবকিছু চোখের পলকে পৃথিবীর এক প্রান্তে বসে অন্য প্রান্তের লোকজনের কাছে পাঠিয়ে দিতে পারি। কারণ পুরো পৃথিবীটা এখন আমাদের হাতের মুঠোয়। একটা গ্রামে যেমন একজন মানুষ আরেকজনের সাথে যখন খুশি যোগাযোগ করতে পারে; ঠিক সেরকম পুরো পৃথিবীটাই যেন একটা গ্রাম, সবাই সবার সাথে যোগাযোগ করতে পারে। তাই বাস্তবে আমরা পাশাপাশি না থাকলেও কার্যত আমরা এখন সবাই পাশাপাশি। এর সবই সম্ভব হয়েছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কারণে। আর এই তথ্য ও যোগাযোগ প্রযুক্তিকে বাস্তবে রূপদান করার জন্য যে প্রযুক্তিটি সবচেয়ে বেশি সাহায্য করেছে সেটি হচ্ছে ডিজিটাল ইলেকট্রনিক্স। জীবনকে সহজ, আরামদায়ক ও আনন্দময় করার জন্য দৈনন্দিন জীবনের প্রায় সকল ক্ষেত্রে এখন ডিজিটাল ইলেকট্রনিক্স ব্যবহৃত হচ্ছে। এ কারণেই বর্তমান যুগকে ডিজিটাল যুগ বলা হচ্ছে।

**প্রশ্ন- ২৭ ▸ উপাত্ত ও তথ্যের পার্থক্য লেখ।**

**উত্তর :** নিচে উপাত্ত ও তথ্যের পার্থক্য উল্লেখ করা হলো :

| উপাত্ত | তথ্য |
|---|---|
| ১. তথ্যের ক্ষুদ্রতম একককে বলা হয় উপাত্ত। | ১. উপাত্তের সাথে যদি কোনো ঘটনা বা প্রেক্ষাপট বা পরিস্থিতির সম্পর্ক থাকে তাহলে সেগুলোকে বলা হয় তথ্য। |
| ২. উপাত্তের কোনো অর্থ নেই তাই একে ব্যবহারও করা যায় না। | ২. তথ্য অর্থপূর্ণ এবং ব্যবহারযোগ্য। |
| ৩. উপাত্ত অর্থহীন বলে একে বিশ্লেষণ করে কিছু পাওয়া যায় না। | ৩. তথ্যকে বিশ্লেষণ করলে জ্ঞান পাওয়া যায়। |
| ৪. উদাহরণ : ৯৫, ৯৮, ৯২, ১০০ ইত্যাদি। | ৪. উদাহরণ : নাম– সুমি, বিষয়– বাংলা, প্রাপ্ত নম্বর- ৯২ ইত্যাদি। |

**প্রশ্ন- ২৮ ▸ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কয়েকটি উল্লেখযোগ্য ব্যবহার লেখ।**

**উত্তর :** তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কয়েকটি উল্লেখযোগ্য ব্যবহার নিম্নে দেওয়া হলো :

১. মোবাইল ফোন ব্যবহার করে যোগাযোগ করা যায়,

২. ডিজিটাল ক্যামেরা দিয়ে ছবি তোলা যায়,
৩. ব্যক্তিগত কম্পিউটারে কাজকর্ম করা যায়,
৪. টেলিভিশনে দেশ-বিদেশের খবর দেখা যায়,
৫. এটিএম মেশিন থেকে টাকা উত্তোলন করা যায়,
৬. ওয়াশিং মেশিন ব্যবহার করে কাপড় ধোয়া যায়,
৭. মাইক্রোওয়েভ ব্যবহার করে রান্না করা যায়,
৮. ই-বুক ব্যবহার করে বই পড়া যায়,
৯. সিটিস্ক্যান করে রোগ নির্ণয় করা যায়,
১০. জিপিএস ব্যবহার করে গাড়ি চালানো যায়।